হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ সপ্তম খণ্ড ॥

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

সম্পাদনা

ধরিত্রী রায়

অসীমকুমার চট্টোপাধ্যায়

দীপায়ন : ২০ কেশবচন্দ্র সেন স্ট্রীট কলিকাতা-৭০০ ০০৯

Hindusthani Sangeet-Paddhati
by
Pandit Bishnunarayan Bhatkhand :
Vol.—VII

বঙ্গানুবাদ ॥ অসীমকুমার চট্টোপাধ্যায়
প্রকাশকাল ॥ জ্যৈষ্ঠ ১৩৯৮
প্রকাশক ॥ রেণুকা সাহা
২০ কেশব সেন স্ট্রীট ॥ কলিকাতা ৭০০ ০০৯
প্রচ্ছদপট ॥ সন্দীপন ভট্টাচার্য
মুদ্রাকর ॥ দি প্যারট প্রেস
৭৬/২ বিধান সরণী ॥ কলিকাতা ৭০০ ০০৬

সঙ্গীতজ্ঞ ও বঙ্গে সঙ্গীত প্রসারের অন্যতম পুরোধাব্যক্তিত্ব
শৌরীন্দ্রমোহন ঠাকুরের
পুণ্য স্মৃতির উদ্দেশে

ব্যবহৃত স্বরচিহ্ন পরিচিতি

রে, গ, ধ, নি—এই স্বরগুলির নিচে '–' এরকম আড়াআড়ি রেখা থাকলে কোমল স্বর আর না থাকলে শুদ্ধ স্বর বলে বুঝতে হবে।

ম—এই স্বরটিকে শুদ্ধ মধ্যম তথা কোমল বলে বুঝতে হবে।

মঁ এই প্রকার স্বরকে তীব্র মধ্যম বলে বুঝতে হবে।

যে স্বরের নিচে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি মন্দ্র-সপ্তকের এবং যে স্বরের ওপরে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি তার-সপ্তকের অন্তর্গত বলে বুঝতে হবে।

⌴, ‿ এই চিহ্নের মধ্যস্থ স্বরগুলিকে এক মাত্রা কালে গাইতে বা বাজাতে হবে।

⌐¬, ⌒ এই চিহ্নের সাহায্যে কোন্ স্বর থেকে কোন্ স্বর পর্যন্ত মীড় আছে, তা বোঝানো হয়েছে।

– যে স্বরের আগে এই চিহ্ন আছে, সেই স্বরকে একমাত্রা বাড়িয়ে গাইতে হবে। এরকম চিহ্ন না থাকলে ঐ সময়টুকুকে বিশ্রাম বলে বুঝতে হবে।

ঽ গানের কথার মধ্যে যেখানে এরকম অবগ্রহ-চিহ্ন দেওয়া আছে, সেখানে গানের অক্ষরের অন্তিম স্বরটিকে (আ-কার উ-কার ইত্যাদি) একমাত্রা কাল বাড়াতে হবে। যেমন দাঽ = দাআ।

( ) এরকম বন্ধনী চিহ্নের মধ্যে লিখিত স্বরগুলির পরের স্বর, বন্ধনীভুক্ত স্বরটি, তার আগের স্বর এবং আবার ঐ স্বরটি—এই চারটি স্বরকে একমাত্রায় গাইতে হবে। যেমন (প) = ধপমপ, (ম) = পমগম, সা = রেসানিসা।

কোথাও কোথাও স্বরের উপরে কিছু স্বর দেওয়া হয়েছে। এগুলিকে স্পর্শ স্বর বা আলঙ্কারিক স্বর (Grace Note) বলা হয়। এই সূক্ষ্ম স্পর্শ স্বরগুলি নতুন শিক্ষার্থীরা ঠিকমতো ফুটিয়ে তুলতে না পারলেও তার জন্য রাগের কোন হানি ঘটবে না। কিন্তু এগুলিকে ঠিকমতো ফুটিয়ে তুলতে পারলে গান অনেক মনোহর হয়ে উঠবে।

× এই চিহ্নের সাহায্যে তালের 'সম' দেখানো হয়েছে। 'সম'-কে প্রথম তাল ধরে নিয়ে শেষ তালটিকেও এক আবর্তনের পর ঐ জায়গাতেই ফিরিয়ে আনতে হবে।

• এই চিহ্ন দ্বারা তালের খালি জায়গা বোঝানো হয়েছে। অর্থাৎ ঐ জায়গায় কোন তাল থাকবে না।

প্রকাশনা প্রসঙ্গে

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে বিরচিত 'হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি'র সপ্তম খণ্ড প্রকাশিত হল। আশা করা যাচ্ছে এই বৎসরের মধ্যেই সবকটি খণ্ড প্রকাশ করা সম্ভবপর হবে। কাগজের দুষ্প্রাপ্যতা এবং অস্বাভাবিক মূল্য-বৃদ্ধি, বিদ্যুতাভাবে ছাপাখানার কাজের অসুবিধা ইত্যাদি কারণে খণ্ডগুলি দ্রুত প্রকাশ করা সম্ভবপর না হওয়ার জন্য গুণী পাঠক ও শুভানুধ্যায়ীদের নিকট আমরা ক্ষমাপ্রার্থী।

এই খণ্ডে শাস্ত্রীয় পরিচয়ের সাথে রাগ শুদ্ধকল্যাণ, কামোদ, ছায়ানট, গৌড়সারঙ্গ, হিন্দোল, শঙ্করা ও দেশকার—এই ছয়টি রাগের মোট ১৭০টি গান স্বরলিপিসহ দেওয়া হয়েছে। বইটির মারাঠী ও হিন্দি সংস্করণ অনুযায়ী সমস্ত বিষয় মূলানুগ রাখলেও কিছু কিছু রাগের নাম এবং গানের শব্দ আমরা বাঙলায় প্রচলিত উচ্চারণ অনুযায়ী দিয়েছি। শেষে প্রতিটি রাগের বিস্তারিত স্বরবিস্তার দেওয়া হয়েছে এবং গানের বাণীগুলিকে আলাদা করে দেওয়া হয়েছে পরিশিষ্ট হিসেবে।

দ্রুত প্রকাশ করার তাগিদে অনবধানতাবশত কিছু কিছু ছাপার ভুল রয়ে যাচ্ছে, পরবর্তী সংস্করণে এইসব ভুল নিশ্চিত সংশোধন করা সম্ভবপর হবে বলে আশা করছি।

ভারতীয় শাস্ত্রীয় সংগীতের এই চিরায়ত গ্রন্থ প্রকাশ করতে গিয়ে যখনই প্রয়োজন হয়েছে অকৃপণ সহযোগিতা এবং উৎসাহ দিয়ে যাঁরা সাহায্য করেছেন, সেইসব প্রাজ্ঞ সঙ্গীতজ্ঞমহোদয় ও সঙ্গীতানুরাগী সুহৃদগণকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

পরবর্তী খণ্ডগুলির বিষয়সূচী

।। অষ্টম খণ্ডের বিষয়সূচী ।।

চিহ্ন ও তাল পরিচিতি (তালের মাত্রা, নিয়ম এবং বোল)।

শাস্ত্রীয় পরিচয়

উত্তর ভারতের গীত। ধ্রুপদ। খেয়াল। টপ্পা। ঠুম্‌রী। হোরী। গজল। তারানা। চতুরংগ। সরগম। বাগ্‌গেয়কার। দক্ষিণ ভারতীয় (কর্ণাটকী সঙ্গীত পদ্ধতি) স্বর-পদ্ধতির সঙ্গে তুলনামূলক আলোচনা। দক্ষিণ ভারতীয় তাল পদ্ধতি। উত্তর ও দক্ষিণের সংগীত পদ্ধতির মূল গ্রন্থসমূহ।

রাগ জয়জয়ন্তী, রামকেলী, পুরিয়া ধানেশ্রী, বসন্ত, পরজ, পুরিয়া ও ললিত (মোট ১৮৩টি গানের স্বরলিপি)।

স্বরবিস্তার ও এই সাতটি রাগের অন্তর্ভুক্ত গানসমূহের বাণী।

।। নবম খণ্ডের বিষয়সূচী ।।

চিহ্ন ও তাল পরিচিতি (তালের মাত্রা, নিয়ম এবং বোল)।

রাগ গৌড়মল্লার, মিঞা-কি-মল্লার, বাহার, দরবারী কানাড়া, অড়ানা ও মূলতানী (মোট ১৮২টি গানের স্বরলিপি)।

স্বরবিস্তার ও এই ছয়টি রাগের অন্তর্ভুক্ত গানসমূহের বাণী।

।। দশম খণ্ডের বিষয়সূচী ।।

চিহ্ন ও তাল পরিচিতি (তালের মাত্রা, নিয়ম এবং বোল)।

শাস্ত্রীয় পরিচয়

বিষয় প্রবেশ। প্রাচীন সংগীত। ভরত এবং শার্ঙ্গদেবের শ্রুতিসমূহ। শিক্ষাগ্রন্থ। স্বরমেলকলানিধি। রাগবিরোধ। সংগীতসময়সার ও সদ্রাগচন্দ্রোদয়। সংস্কৃত গ্রন্থকারদের তুলনামূলক শ্রুতি রচনা। সংগীত পারিজাত। রাগ তরঙ্গিনী। অহোবল এবং লোচনের শুদ্ধ-বিকৃত স্বরের বিবরণ। গ্রন্থে বর্ণিত শ্রুতিস্বর প্রকরণ সারাংশ। বাদী সম্‌-বাদী স্বরের শ্রুত্যন্তর নির্ধারিত করার নিয়ম। শুদ্ধ এবং বিকৃত জাতি। মূর্চ্ছনার অর্থ প্রয়োগকালীন পরিবর্তন।

কল্যাণ ঠাঠের রাগসমূহ (অপ্রসিদ্ধ রাগসমূহ)

রাগ চন্দ্রকান্ত, সাওয়নী কল্যাণ, জেত কল্যাণ, শ্যাম কল্যাণ, ও মালশ্রী।

বিলাবল ঠাঠের রাগ (অপ্রসিদ্ধ রাগসমূহ)

রাগ হেমকল্যাণ, যমনীবিলাবল, দেবগিরিবিলাবল, ঔড়ব দেবগিরি, সরপরদা, লচ্ছাসাখ, শুক্লবিলাবল, কুকুভ, নট, নট নারায়ণ, নটবিলাবল, পটবেহাগ, কামোদনাট, কেদারনাট, নট বিহাগড়া, নটবেহাগ, সাওয়নী (বেহাগ অংগ), মলুহাকেদার, মলুহা, জলধর, জলধরকেদার, দুর্গা, ছায়া, ছায়াতিলক, গুণকেলি, পহাড়ী, মাঁড়, মেবাড়া, পটমঞ্জরী, হংসধ্বনী, দীপক।

খাম্বাজ ঠাঠ (অপ্রসিদ্ধ রাগসমূহ)

রাগ ঝিঁঝোটি, খম্‌বাবতী, ত্রিলংগ, দুর্গা, রাগেশ্বরী, গারা, সৌরট, নারায়ণী সাওয়ন (দেস-অংগ) (মোট ১৮৬টি গানের স্বরলিপি) স্বরবিস্তার ও এই পঁয়তাল্লিশটি রাগের অন্তর্ভুক্ত গানসমূহের বাণী।

তাল-পরিচিতি

(মাত্রা, নিয়ম ও বোল)

দাদরা (ছয় মাত্রা), ঝাঁপতাল (দশ মাত্রা), চৌতাল (বারো মাত্রা), একতাল (বারো মাত্রা), আড়া চৌতাল (চৌদ্দ মাত্রা), ধামার তাল (চৌদ্দ মাত্রা), দীপচন্দী তাল (চৌদ্দ মাত্রা), তিলওয়ারা (ষোলো মাত্রা) এবং ত্রিতাল (ষোলো মাত্রা) ইত্যাদির মাত্রা নিয়ম ও বোল প্রথম খণ্ডে এবং রূপকতাল (সাত মাত্রা) সুলতাল (দশ মাত্রা) ব্রহ্ম তাল (আটাশ মাত্রা) দ্বিতীয় খণ্ডে এবং তীব্রা তাল (সাত মাত্রা), ঝুমরা তাল (চৌদ্দ মাত্রা) চতুর্থ খণ্ডে সন্নিবেশিত হয়েছে। সেই কারণে অপ্রয়োজনবোধে এই খণ্ডে পুনরায় দেওয়া হলো না।

রূপক তাল

মাত্রা	১	২	৩	॥	৪	৫	॥	৬	৭
ঠেকা	ধীন্	ধা	তৃক্	।	ধা	ধীন্	।	ধা	তৃক্
	×			॥	২		॥	৩	

গজঝম্পা তাল

মাত্রা	১	২	৩	৪	॥	৫	৬	৭	৮	॥	৯	১০	১১	১২
ঠেকা	ধা	ধিন	নক	তক	॥	ধা	ধিন	নক	তক	॥	ধিন	নক	তক	কিট
	×				॥	২				॥	০			

॥	১৩	১৪	১৫
॥	তক	গদি	গিন
॥	৩		

শিখর তাল

মাত্রা	১	২	৩	৪	৫	৬ ‖	৭	৮	৯	১০	১১	১২
ঠেকা	ধা	তৃক	ধিন	নক	থুন	গা ‖	ধিন	নক	ধুম	কিট	তক	ধেত
	×					‖	১					

‖ ১৩	১৪ ‖	১৫	১৬	১৭
‖ ধা	তিট ‖	কত	গদি	গিন
‖ ৩	‖	৪		

মত্ত তাল

মাত্রা	১	২ ‖	৩	৪ ‖	৫	৬ ‖	৭	৮ ‖	৯	১০ ‖	১১	১২
ঠেকা	ধা	ऽ ‖	ধি	ড় ‖	ন	ক ‖	ধি	ড় ‖	ন	ক ‖	তি	ট
	×	‖	০	‖	২	‖	৩	‖	০	‖	৪	

‖ ১৩	১৪ ‖	১৫	১৬ ‖	১৭	১৮
‖ ক	ত ‖	গ	দি ‖	গি	ন
‖ ৫	‖	৬	‖	০	

অনুক্রমণিকা

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ শাস্ত্রীয় পরিচয় ॥

মঙ্গলাচরণ

শারদামিন্দিরাং চাপি বন্দে জ্ঞানধনাপ্তয়ে ॥
ভবন্তু তৎপ্রসাদেন সফলা মে মনোরথাঃ ॥

বিষয়প্রবেশ

এই ক্রমিক পুস্তকমালার পূর্ববর্তী একটি খণ্ডে সর্বসম্মত ১২-টি স্বর থেকে কীভাবে ৭২-টি মেল-এর সৃষ্টি হয়, তার পূর্ণাঙ্গ আলোচনা করে ঐ প্রত্যেকটি মেল থেকে সম্পূর্ণ, ষাড়ব এবং ঔড়ব আরোহ-অবরোহের সংযোগের ফলে তথা গাণিতিক দৃষ্টিভঙ্গী অনুযায়ী মোট কতগুলি রাগ গড়ে উঠতে পারে—তা আমরা দেখিয়েছি। অতঃপর পূর্ব-রাগ, উত্তর রাগ ও সন্ধিপ্রকাশ-রাগ বলতে কী বোঝায় তা সুস্পষ্ট ভাবে ব্যক্ত করে গায়কদের গুণাগুণ, যোগ্যতা-অযোগ্যতা ইত্যাদি প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে এবং তারপর প্রথম খণ্ডে বর্ণিত প্রসিদ্ধ ১০-টি ঠাঠ থেকে গড়ে ওঠা ১৫-টি জনপ্রিয় রাগের জন্য বেশকিছু বিখ্যাত ও ঘরানামূলক গান দেওয়া হয়েছে—সেকথা নিশ্চয়ই মনে আছে পাঠকদের।

সঙ্গীতশিক্ষার্থীদের জন্য কোন্ কোন্ বিষয় নিয়ে গ্রন্থকারের আলোচনা করা উচিত, সে ব্যাপারে হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি সংক্রান্ত 'অভিনবরাগ-মঞ্জরী' নামক পুস্তকে এই শিরোনামের অন্তর্গত বিষয়বস্তুর প্রতি মনোযোগ দেওয়া দরকার। সেখানে বলা হয়েছে :

সঙ্গীতম্ ধ্বনিসম্ভূতিঃ শ্রুতয়স্তদ্ব্যবস্থিতিঃ।
শুদ্ধাঃ স্বরা বিকারাদ্যাঃ স্বরস্থানানি তচ্যুতঃ ॥
সম্বাদ্যাদিস্বরাণাং চ লক্ষণানি সবিস্তরম্।
বর্ণালঙ্কারগমকা যথোক্তাঃ পূর্বসূরিভিঃ ॥
গ্রামস্য লক্ষণং তদ্বম্মূর্চ্ছনালক্ষণং তথা।
রাগমেলাশ্চ সর্বেঽপি সম্পূর্ণত্বাদিভেদতঃ ॥
তত্তন্মেলস্থরাগাণাম্ ভেদকারণলক্ষণম্।
আলাপলক্ষণং গাতৃগুণদোষানুদর্শনম্ ॥
তানা উদ্গ্রাহভূতাশ্চ স্বয়ং রাগাঙ্গদর্শকাঃ।
এতাবন্তি চ বস্তূনি গ্রন্থেঽস্মিন্ কথিতানি হি ॥

'অভিনব রাগমঞ্জরী' নামক পুস্তকটি আমাদের অন্যতম আকরগ্রন্থ। তাই এই ক্রমিক পুস্তকমালার কোন কোন জায়গায় আমরা ঐ গ্রন্থটিকেই অনুসরণ করেছি। উপরে উল্লিখিত শ্লোকগুলিতে যে-সব বিষয়ের কথা আছে, তার মধ্যে কিছু কিছু বিষয় আমাদের পূর্ববর্তী খন্ডগুলিতে আলোচিত হয়েছে আগেই। এখন এই সপ্তম ও অষ্টম খণ্ডে প্রথমে শ্রুতি, স্বর-স্থান, আলাপ, তান প্রভৃতি বিষয় নিয়ে প্রয়োজনীয় শাস্ত্রীয় আলোচনা করার পর দশটি ঠাঠ থেকে উদ্ভূত কুড়িটি জন্যরাগের পাঁচশোরও অধিক গান উপস্থাপন করব আমরা। এই আটটি খণ্ডের বিষয়বস্তুকে শিক্ষার্থীরা ভালভাবে আয়ত্ত করতে পারলে সমস্ত বিখ্যাত এবং জনপ্রিয় রাগ তাঁদের আয়ত্তাধীন হয়ে উঠবে—এমনটা বললে মোটেই অতিশয়োক্তি হবে না। এই আটটি খণ্ডে উপস্থাপিত ৪৫-টি রাগের অন্তর্গত আরও অনেক খেয়াল, ধ্রুপদ আছে। ভবিষ্যতে সেগুলিকে অন্য কোথাও সন্নিবিষ্ট করা যাবে। কিন্তু এই খণ্ডগুলিতে প্রদত্ত প্রায় ১৩০০ গানকে শিক্ষার্থীরা আয়ত্ত করতে পারলে তাঁদের কাজ অনেকটাই সিদ্ধ হয়েছে বলে ধরে নেওয়া যায়।

'অভিনবরাগমঞ্জরী-'র গ্রন্থকার তাঁর গ্রন্থে মোট প্রায় ১২৫-টি রাগের সংক্ষিপ্ত অথচ নিখুঁত পরিচয় দিয়েছেন। অতগুলি রাগ এখনও পর্যন্ত আমাদের এই ক্রমিক পুস্তকমালায় সন্নিবিষ্ট করা সম্ভব না হলেও পরবর্তী কোন একটি খণ্ডে ১০০-টি রাগ এবং সেগুলির অন্তর্গত প্রায় ১৫০০ বিখ্যাত গান উপস্থাপন করার ইচ্ছা আমাদের আছে। আজ থেকে একশো বছর আগেকার সঙ্গীতের ইতিহাসের দিকে নজর দিলে দেখা যাবে যে তখনকার দিনের প্রসিদ্ধ গায়কদের গড়ে তোলা আর সর্বদা তাঁদের দ্বারা গীত রাগগুলি হচ্ছে সেইসব রাগ, যেগুলি আমরা এই পুস্তকমালার প্রথম আটটি খণ্ডে উপস্থিত করেছি। আমরা প্রায়শই শুনে থাকি যে গত শতাব্দীর শেষভাগে হিন্দুস্থানী সঙ্গীত উৎকর্ষের চরম সীমায় পেঁছেছিল। সেই সময় শুধুমাত্র রামপুর, জয়পুর আর গোয়ালিয়র—এই তিনটি নগরীই ছিল হিন্দুস্থানী সঙ্গীতের কেন্দ্রস্থল। এই তিনটি শহরের বড় বড় গায়ক-বাদকরা যা-কিছু নৈপুণ্য দেখাতেন, তার সবই ছিল এই পুস্তকমালার অন্তর্গত ১০০-টি রাগেরই আওতাভুক্ত। গোয়ালিয়র শহরের বিখ্যাত খেয়াল গায়ক ছিলেন নথু খাঁ, হস্সু খাঁ, হদ্দু খাঁ, মুহম্মদ খাঁ প্রমুখ। এই পুস্তকমালার প্রথম আটটি খণ্ডের অন্তর্গত রাগগুলিই তাঁরা গাইতেন বলে শোনা যায়। যেহেতু গোয়ালিয়র ছিল একটা মারাঠা রাজ্য, তাই বিগত একশো বা দুশো বছর ধরেই সেখানে মারাঠী ভাষীদের ব্যাপক বসতি গড়ে উঠেছিল। এই মারাঠীদের মধ্যে মূলত ব্রাহ্মণরাই ঐ অঞ্চলের বিখ্যাত খেয়াল গায়কদের জ্ঞানভাণ্ডার লাভ করেছিল। অনেকে এমন কথাও বলেন যে ঐ-সব গায়কদের শিষ্যদের মধ্যে সংখ্যায় সবথেকে বেশি ছিল ব্রাহ্মণরাই।

এমনটা বলা মোটেই অসঙ্গত হবে না যে আজকের দিনে গোয়ালিয়রে হদ্দু খাঁ, হস্সু খাঁ প্রমুখ বিশিষ্ট গায়কের গায়নরীতির যেটুকু অবশিষ্ট আছে, তা টিকে আছে সেখানকার ব্রাহ্মণদের মধ্যেই। অনেকে মনে করেন মহারাষ্ট্রে আজ আমরা যে খেয়াল-গায়ন দেখতে পাই, তার বেশির ভাগটাই গোয়ালিয়রের গায়কদের কাছ থেকে শিষ্য-পরম্পরায় এসেছিল এখানে।

শ্রুতি ও স্বর-স্থান

আমাদের দেশের প্রাচীন সঙ্গীতজ্ঞরা সঙ্গীতশাস্ত্র সংক্রান্ত পুস্তক রচনার সময় শ্রুতি ও স্বর নিয়ে বিস্তারিত আলোচনা করার পর মেল ও রাগ সম্বন্ধে আলোচনায় অগ্রসর হতেন—এটা তাঁদের সমস্ত বিশিষ্ট গ্রন্থেই দেখা যায়। বলা যায় যে সঙ্গীতশাস্ত্র বিষয়ক গ্রন্থ রচনার এই পদ্ধতিটি একদিক থেকে সঠিকই ছিল। ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে, প্রথমে পুরো বাইশটি নাদ একের থেকে অন্যটি উঁচু—এই নিয়ম স্থির করার পর তার মধ্যে থেকে নির্মিত নাদগুলিকে তাঁরা স্বর হিসেবে স্বীকৃতি দিতেন কিনা, সেটা ভিন্ন প্রশ্ন। অনেকে হয়ত বলবেন যে প্রথমে প্রধান প্রধান স্বরান্তরগুলিই নির্দিষ্ট করা হয়েছিল। কিন্তু সে প্রশ্নের সঙ্গে আমাদের এই আলোচনার কোন সম্পর্ক নেই। আপাতত আমাদের একমাত্র লক্ষণীয় বিষয় হল আমাদের প্রাচীন গ্রন্থকারদের শ্রুতি-স্বরস্থান কী হত আর আজই বা আমরা কী কী শ্রুতি স্বরস্থান ব্যবহার করে থাকি। এর মধ্যে আজকের দিনে প্রচলিত শ্রুতি-স্বরস্থানগুলি নিয়ে আলোচনা করাটাই আমাদের এই পুস্তকমালিকার পক্ষে বেশি উপযুক্ত হবে। প্রাচীন গ্রন্থকারদের স্বর-স্থান সম্বন্ধে এখানে আমরা যেটুকু আলোচনা করব, সেটা কেবলমাত্র ঐতিহাসিক দৃষ্টিভঙ্গী থেকেই করার চেষ্টা করব আমরা। আমাদের আলোচ্য বিষয়বস্তু যেহেতু হিন্দুস্থানী সঙ্গীত, তাই আমরা উত্তর ভারতের গ্রন্থগুলির দিকেই বেশি মনোযোগ দেব। শ্রুতি-স্বরস্থান প্রসঙ্গে যে-সব পণ্ডিতদের মতামত আমাদের আলোচনায় আসবে, তাঁরা হলেন ভরত, শার্ঙ্গদেব, লোচন, অহোবল, হৃদয়নারায়ণদেব এবং শ্রীনিবাস। এঁদের রচিত গ্রন্থগুলির নাম হল—নাট্যশাস্ত্র, সঙ্গীতরত্নাকর, রাগতরঙ্গিনী, সঙ্গীতপারিজাত, হৃদয়প্রকাশ এবং রাগতত্ত্ববিরোধ। বিশেষভাবে হিন্দুস্থানী সঙ্গীত সম্বন্ধে লিখিত পুস্তক, যা লক্ষ্যসঙ্গীত ও অভিনবরাগমঞ্জরী নামে সুপরিচিত, তা নিয়েও আলোচনা করব আমরা। যুগ অনুযায়ী এইসব গ্রন্থকারদের তিন ভাগে ভাগ করা যায়। ভরত ও শার্ঙ্গদেব যে অত্যন্ত প্রাচীন যুগের গ্রন্থকার, তা কারোরই অজানা নয়। লোচন, অহোবল, হৃদয় এবং শ্রীনিবাসকে

মধ্যযুগের গ্রন্থকার বলা চলে। আর 'লক্ষ্যসঙ্গীত' ও 'অভিনবরাগমঞ্জরী' একেবারে আধুনিক সঙ্গীতপদ্ধতি সংক্রান্ত রচনা। বলা হয় ভরত পঞ্চম শতাব্দীর আগেকার লোক। শার্ঙ্গদেব ত্রয়োদশ শতাব্দীর। লোচন, অহোবল, হৃদয় এবং শ্রীনিবাস যথাক্রমে পঞ্চদশ, ষোড়শ, সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর।

আমাদের প্রাচীন গ্রন্থকাররা শ্রুতি সম্বন্ধে অত্যন্ত সহজ সরল ভাষায় বলেছেন—'শ্রূয়তে ইতি শ্রুতিঃ'। সঙ্গীতোপযোগী যে সমস্ত নাদ কানে স্পষ্টভাবে শোনা যায় অথবা বোধগম্য হয়, সেগুলিকেই শ্রুতির অন্তর্গত বলে মনে করা হয়ে থাকে। এই ব্যাপারটাকেই অভিনবরাগমঞ্জরীর গ্রন্থকার খুব স্পষ্টভাবে ব্যক্ত করেছেন এইভাবে ঃ

নিত্যং গীতোপযোগিত্বমভিজ্ঞেয়ত্বমপ্যুত।
লক্ষ্যে প্রোক্তং সুপর্যাপ্তং সঙ্গীতশ্রুতিলক্ষণম্ ॥

এখন প্রশ্ন হচ্ছে যে এ-রকম নাদ বা শ্রুতি মোট কতগুলি আছে বলে মনে করতেন ঐ-সব গ্রন্থকাররা? সৌভাগ্যবশত শ্রুতির সংখ্যা সম্বন্ধে যাবতীয় প্রাচীন ও আধুনিক গ্রন্থকারদের মধ্যে একটা মতৈক্য আছে। একটি ষড়জ থেকে তার উপরের ষড়জ পর্যন্ত ক্ষেত্রে, অর্থাৎ একটি সপ্তকে, এরকম সঙ্গীতোপযোগী নাদ মোট বাইশটি আছে বলে ধরে নিয়ে তার ওপরেই তার শুদ্ধ এবং বিকৃত স্বরগুলিকে স্থাপন করেছেন তাঁরা। এছাড়া আরও একটি গুরুত্বপূর্ণ বিষয়েও ঐসব গ্রন্থকারদের মতৈক্য লক্ষ্য করা যায়। সেটা হল এই যে তাঁরা সকলেই ঐ ২২-টি শ্রুতিকে ৭-টি শুদ্ধ স্বরে ভাগ করার সময় একটি পরম্পরাগত নিয়ম মেনে চলতেন। নিয়মটি হল ঃ

চতুশ্চতুশ্চতুশ্চৈব ষড়জমধ্যমপঞ্চমাঃ।
দ্বেদ্বে নিষাদগান্ধারৌ ত্রিস্ত্রো ঋষভধৈবতৌ ॥

মর্মার্থ ঃ ষড়জ, মধ্যম ও পঞ্চম—এই স্বরগুলির চারটি করে, গান্ধার ও নিষাদের দুটি করে এবং ঋষভ ও ধৈবতের তিনটি করে শ্রুতি আছে।

এই প্রাচীন নিয়মটি আজও আমাদের সঙ্গীতজ্ঞরা মেনে চলেন, কিন্তু তার অর্থ এই নয় যে আমাদের আজকের দিনের শুদ্ধ ও বিকৃত স্বরগুলিও ঐ প্রাচীন পণ্ডিতদের মতানুসারী। আজকের দিনের শুদ্ধ ও বিকৃত স্বরগুলি ঐ প্রাচীন গ্রন্থকারদের দ্বারা বর্ণিত স্বরগুলির থেকে আলাদা হয়ে গেছে। এর কারণটা নিতান্তই সহজবোধ্য। প্রাচীন গ্রন্থকাররা তাঁদের প্রত্যেকটি শুদ্ধ স্বরকে স্থাপন করতেন ঐ স্বরটির শাস্ত্রোক্ত অন্তিম শ্রুতিটির ওপর। অর্থাৎ তাঁদের 'সা রে গ ম প ধ নি' এই শুদ্ধ স্বরগুলি স্থাপিত হত ৪, ৭, ৯, ১৩, ১৭, ২০, ২২—এই শ্রুতিগুলির ওপর। এ ব্যাপারে দু'একটি গ্রন্থের বক্তব্য লক্ষ্য করা যাক ঃ

বেদাচলাঙ্কশ্রুতিষু ত্রয়োদশ্যাং শ্রুতৌ তথা ।
সপ্তদশ্যাং চ বিংশ্যাং চ দ্বাবিংশ্যাং চ শ্রুতৌ ক্রমাত্ ॥
—রাগমঞ্জরীয়াম্

আদিঃশ্রুতৌ চতুর্থ্যাং তু স্বরঃ ষড়্জোঽধিতিষ্ঠতি ।
সপ্তম্যাম্ ঋষভস্তদ্বদ্ গান্ধারস্য স্থিতিঃ পুনঃ ॥
নবম্যাং তু ত্রয়োদশ্যাং মধ্যমঃ পঞ্চমস্ততঃ ।
সপ্তদশ্যাং ধৈবতস্তু বিংশ্যামথ নিষাদকঃ ॥
দ্বাবিংশ্যামিতি মন্দ্রস্থাঃ স্বরাঃ সপ্ত প্রকীর্তিতাঃ ।
ঈদৃশ্যেব স্থিতির্মধ্যে তারে চৈবেদৃশী স্থিতিঃ ॥
—অনুপসঙ্গীতবিলাসে

আজকের দিনের হিন্দুস্থানী সঙ্গীতজ্ঞরা শুদ্ধ স্বরের ক্ষেত্রে এই নিয়ম অনুসরণ করেন না । তাঁরা স্বর সাজান এর বিপরীত ক্রম অনুসারে । তাঁদের শুদ্ধ স্বরগুলি স্থাপিত হয় ১, ৫, ৮, ১০, ১৪, ১৮, ২১—এই শ্রুতিগুলির ওপর । অভিনবরাগমঞ্জরীর রচয়িতা বলেছেন ঃ

বেদাচলাঙ্কশ্রুতিষু ত্রয়োদশ্যাং শ্রুতৌ তথা ।
সপ্তদশ্যাং চ বিংশ্যাং চ দ্বাবিংশ্যাং চ শ্রুতৌ ক্রমাত্ ॥
ষড়্জাদীনাং স্থিতিঃ প্রোক্তা শুদ্ধাখ্যা ভরতাদিভিঃ ।
হিন্দুস্থানীয়সঙ্গীতে শ্রুতিক্রমবিপর্যয়ঃ ।
এতে শুদ্ধস্বরাঃ সপ্ত স্বস্যাদ্যশ্রুতিসংস্থিতাঃ ॥

এই ভাগগুলি নিম্নে প্রদত্ত তালিকা থেকে স্পষ্টভাবে বোঝা যাবে । শ্রুতি-স্বরের নামগুলি আমরা গ্রহণ করছি প্রাচীন গ্রন্থকারদের রচনা থেকেই ঃ

প্রাচীন গ্রন্থ অনুযায়ী প্রাচীন শ্রুতি-স্বর-ব্যবস্থা		হিন্দুস্থানী গ্রন্থকারদের আধুনিক শ্রুতি-স্বর-ব্যবস্থা	
১। তীব্রা		১। তীব্রা	ষড়্জ (শুদ্ধ)
২। কুমুদ্বতী		২। কুমুদ্বতী	
৩। মন্দা		৩। মন্দা	
৪। ছন্দোবতী	ষড়্জ (শুদ্ধ)	৪। ছন্দোবতী	
৫। দয়াবতী		৫। দয়াবতী	ঋষভ (শুদ্ধ)
৬। রঞ্জনী		৬। রঞ্জনী	
৭। রক্তিকা	ঋষভ (শুদ্ধ)	৭। রক্তিকা	
৮। রৌদ্রী		৮। রৌদ্রী	গান্ধার (শুদ্ধ)

৯। ক্রোধী	গান্ধার (শুদ্ধ)	৯। ক্রোধী	
১০। বজ্রিকা		১০। বজ্রিকা	মধ্যম (শুদ্ধ)
১১। প্রসারিণী		১১। প্রসারিণী	
১২। প্রীতি		১২। প্রীতি	
১৩। মার্জনী	মধ্যম (শুদ্ধ)	১৩। মার্জনী	
১৪। ক্ষিতি		১৪। ক্ষিতি	পঞ্চম (শুদ্ধ)
১৫। রক্তা		১৫। রক্তা	
১৬। সন্দীপিনী		১৬। সন্দীপিনী	
১৭। আলাপিনী	পঞ্চম (শুদ্ধ)	১৭। আলাপিনী	
১৮। মদন্তী		১৮। মদন্তী	ধৈবত (শুদ্ধ)
১৯। রোহিণী		১৯। রোহিণী	
২০। রম্যা ধৈবত	(শুদ্ধ)	২০। রম্যা	
২১। উগ্রা		২১। উগ্রা	নিষাদ (শুদ্ধ)
২২। ক্ষোভিণী	নিষাদ (শুদ্ধ)	২২। ক্ষোভিণী	
১। তীব্রা		১। তীব্রা	ষড়জ (শুদ্ধ)
২। কুমুদ্বতী		২। কুমুদ্বতী	
৩। মন্দা		৩। মন্দা	
৪। ছন্দোবতী	ষড়জ (শুদ্ধ)	৪। ছন্দোবতী	

এতক্ষণ ধরে আমরা প্রাচীন গ্রন্থকারদের শ্রুতি-স্বর বিষয়ক শব্দগত বর্ণনাটুকুই দিলাম। কিন্তু এটুকু থেকে শিক্ষার্থীরা কোন সমাধানে পৌঁছতে পারবেন না। ঐসব গ্রন্থকারদের দ্বারা উল্লিখিত শ্রুতি-স্বরগুলিকে ধ্বনিগত দিক থেকে ব্যাখ্যা করলে শিক্ষার্থীদের সুবিধা হবে। তাই এখন আমি শ্রুতি-স্বরগুলিকে ধ্বনিগত দিক থেকেই ব্যাখ্যা করার চেষ্টা করব। ধ্বনিগত দিক থেকে ব্যাখ্যা করার জন্য প্রথমে প্রাচীন গ্রন্থকারদের দুটি ভাগে বিভক্ত করা দরকার। প্রথম ভাগটিতে আমরা রাখব অত্যন্ত প্রাচীন গ্রন্থকারদের, অর্থাৎ ভরত, শার্ঙ্গদেব এবং তাঁদের মতানুসারী পণ্ডিতদের, আর দ্বিতীয় ভাগটিতে রাখব মধ্যযুগীয় গ্রন্থকারদের, অর্থাৎ লোচন, অহোবল, হৃদয়নারায়ণদেব ও শ্রীনিবাস প্রমুখ পণ্ডিতদের। এইভাবে ভাগ করার প্রধান কারণ হল এই যে এই দুটি ভাগের লেখকদের শ্রুতি স্বর সংক্রান্ত ভাবনাচিন্তা ছিল আলাদা আলাদা। ভরত ও শার্ঙ্গদেব পণ্ডিত শ্রুতির একটি ধ্রুব প্রমাণের ভিত্তিতে নিজেদের বাইশটি শ্রুতিকে সমান বলে মনে করতেন। তাঁদের গ্রন্থগুলি থেকেই একটা স্পষ্টভাবে দেখা যায়। তাঁদের এই ধরনের পদ্ধতি থেকে তাঁদের শ্রুতি-স্বর-স্থান কেমন ও কী কী ছিল—তা নিয়ে আমাদের এই

পুস্তকমালিকায় আলোচনা না করলেও কোন ক্ষতি নেই। এর কারণ দুটি। প্রথম কারণটি হল—ঐ-সব গ্রন্থকারদের ঐ স্থানগুলি আজকের দিনের হিন্দুস্থানী সঙ্গীতের পক্ষে আর খুব একটা প্রয়োজনীয় নয়। দ্বিতীয় কারণ—১৯১৬ সালে বরোদার 'অখিল-ভারতীয় সঙ্গীত-পরিষদ'-এর সামনে দু'একজন পণ্ডিত প্রবন্ধাকারে ঐ স্থানগুলি নিয়ে আলোচনা করেছিলেন। উপরিউক্ত দ্বিতীয় ভাগের পণ্ডিতদের, অর্থাৎ লোচন, অহোবল প্রভৃতি। পণ্ডিতদের শ্রুতি-স্বরস্থান যেহেতু আমাদের পক্ষে উপযোগী, তাই সেগুলি নিয়ে আলোচনা করাটাই অধিকতর ফলপ্রসূ হবে বলে মনে হয়। এইসব পণ্ডিতরা নিজেদের স্বর স্থান অত্যন্ত স্পষ্টভাবেই ব্যক্ত করেছেন, তাই তাঁদের এবং আমাদের আজকের দিনের স্বর-স্থানগুলির তুলনা অনায়াসেই করতে পারি আমরা। আগেই বলা হয়েছে যে লোচন, অহোবল প্রভৃতিদের সময়কাল পঞ্চদশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত। এইসব পণ্ডিতরা তাঁদের পদ্ধতি অভিব্যক্ত করেছেন ১২-টি প্রধান স্বরের সাহায্যে। আমরাও যে আজ ঠিক ঐ পদ্ধতিই অনুসরণ করে যাচ্ছি, তা আর নতুন করে বলার অপেক্ষা রাখে না। অহোবল প্রমুখের স্বরস্থানগুলি লক্ষ্য করলে বোঝা যায় যে তাঁরা তাঁদের সবকটি শ্রুতিকে সমান বলে মনে করতেন না। চিরাচরিত ১২-টি স্বর যেমনভাবে আছে, ঠিক তেমনিভাবেই সেগুলিকে মেনে নিয়ে সেগুলির মধ্যে শাস্ত্রোক্ত সংখ্যা অনুযায়ী তাঁরা শ্রুতির বিভাজন করতেন—তাঁদের রচনা থেকে এমনটাই প্রতীয়মান হয়। তাঁদের পদ্ধতি ঐ ১২-টি স্বরের ভিত্তিতে গড়ে ওঠার ফলে মধ্যবর্তী শ্রুতিগুলি নিয়ে আলোচনা করার কোন দরকার তাঁদের ছিল না। বিগত চার-পাঁচশো বছরের গ্রন্থকাররা যে তাঁদের শ্রুতিগুলিকে সমান বলে মনে করতেন না, তা ভাবভট্ট পণ্ডিতের 'অনুপবিলাস' গ্রন্থের নিম্নোক্ত উদ্ধৃতিটির মধ্যেও স্পষ্টভাবে ফুটে উঠেছে ঃ

উত্তরোত্তরসংকোচস্ত্বাকাশে ভবতি ধ্রুবম্‌।
সমভাগপ্রকল্পোঽত্র ন সাধু মন্যতে বুধৈঃ ॥
তস্মাদ্দ্বারাগাস্তু বিষমাঃ কল্পিতা ভরতাদিভিঃ ॥

এখানে বলে রাখা দরকার যে ভাবভট্ট বর্ণিত এই ভরত কিন্তু নাট্যশাস্ত্রকার ভরত নন। এবার আমরা লোচন, অহোবল প্রভৃতি পণ্ডিতের শ্রুতি-স্বরস্থান নিয়ে আলোচনা করব। এই চারজন পণ্ডিতের শ্রুতি-স্বর রচনা অভিন্ন হওয়ার দরুন এঁদের মধ্যে শুধু শেষজন অর্থাৎ শ্রীনিবাস পন্ডিতের স্বর-রচনা নিয়ে আলোচনা করলেও চলে, কারণ উত্তরভারতের মধ্যযুগীয় গ্রন্থকারদের মধ্যে শ্রীনিবাসকেই প্রতিনিধিস্থানীয় বলে মেনে নেওয়া যায়। আমাদের আধুনিক হিন্দুস্থানী সঙ্গীতের প্রতিনিধি হিসেবে মেনে নেওয়া যায় অভিনবরাগমঞ্জরীর রচয়িতাকে।

শ্রুতি-স্বরস্থানগুলিকে ধ্বনিগত দৃষ্টিকোণ থেকে স্পষ্ট করে দেখানোর দুটি উপায় চালু আছে—(১) বীণাতে বাদনরত তারগুলির ভিন্ন ভিন্ন দৈর্ঘ্য অনুসারে ধ্বনি চিহ্নিত করা ; (২) প্রতিটি ধ্বনির এক সেকেণ্ডের তুলনামূলক কম্পন (Vibrations) চিহ্নিত করা। সকলেই জানেন যে এই দুটি উপায়ের মধ্যে শেষোক্ত উপায়টি আমাদের প্রাচীন গ্রন্থকারদের জানা ছিল না। প্রথম উপায়টি অন্ততপক্ষে মধ্যযুগীয় গ্রন্থকারদের জানা ছিল, তাই তাঁর যথাযথ প্রয়োগও করে দেখিয়েছেন তাঁরা। ভরত ও শার্ঙ্গদেবের এই ক্ষেত্রে এই উপায়গুলির কোন প্রয়োগ চোখে পড়ে না। তবে তাঁরা শ্রুতির নির্দিষ্ট মাপ স্বীকার করে নিয়ে সমস্ত শ্রুতিকেই সমান বলে মনে করতেন এবং তার ওপরেই নিজেদের স্বরগুলিকে দাঁড় করাতেন, আর হয়ত সে-জন্যই এই উপায়গুলি কাজে লাগানোর কোন প্রয়োজন তাঁরা অনুভব করেননি অথবা হয়ত সেই বোধও তাঁদের ছিল না। তাঁরা যে নিজেদের স্থানগুলির কথা এভাবে বলেননি, সেটা একান্তই সত্য। পণ্ডিতরা মনে করেন যে অহোবল প্রভৃতিরা স্বরস্থানগুলির কথা বলে সারা দেশের বিরাট উপকার করেছেন। এইসব পণ্ডিতদের অধিকাংশ স্বরস্থানের সঙ্গে আজকের হিন্দুস্থানী স্বরস্থানগুলি যথেষ্ট সমরূপ হওয়ার ফলে আমাদের স্বর-রচনার পরম্পরার এবং শাস্ত্রীয় চিন্তার যে কতটা গৌরব বৃদ্ধি হয়েছে, তা তো সকলেরই জানা।

শ্রীনিবাস পণ্ডিতের 'রাগতত্ত্ববিবোধ' গ্রন্থে বর্ণিত স্বরস্থানগুলিকে যাতে পাঠকরা ধ্বনিগত দৃষ্টিকোণ থেকে উপলব্ধি করতে পারেন, তার জন্য আমরা আমাদের বাদনরত বীণাটির তার ৩৬ ইঞ্চি লম্বা বলে ধরে নিচ্ছি। অতঃপর তাঁর বর্ণনা অনুযায়ী সেটির বিভাজন করলে সুবিধে হবে। তারের ভাগগুলির দৈর্ঘ্য জানার পর যে গাণিতিক দৃষ্টিকোণ থেকে কম্পন নির্ধারণ করা যাবে, তা আজকের দিনের সুশিক্ষিত পাঠকদের কাছে আর বলার অপেক্ষা রাখে না। শ্রীনিবাস বলেছেন ঃ

স্বরস্য হেতুভূতায়া বীণায়াশ্চাপ্যনুষত্বতঃ।
তত্র স্বরবিবোধার্থং স্থানলক্ষণমীর্যতে ॥

মর্মার্থ ঃ স্বর সৃষ্টিকারী বীণাকে চোখের সামনে দেখে তারপর তার স্বর-স্থানগুলিকে স্পষ্টভাবে চিহ্নিত করা হচ্ছে। তবে সেই সঙ্গে এটাও মনে রাখা দরকার ঃ

স্বরজ্ঞানবিহীনেভ্যো মার্গোঽয়ং দর্শিতো ময়া।
স্বরসম্বাদিতাজ্ঞানং স্বরস্থাপনকারণম্ ॥

মর্মার্থ ঃ যাদের স্বরজ্ঞান তেমন ভাল নয়, তাদের সুবিধার জন্যই আমি এই পন্থাটা দেখাতে চেয়েছি। স্বর-সম্বাদের জ্ঞান থাকলে সহজেই স্বরস্থাপন করা যায়।

ষড়জপঞ্চমভাবেন ষড়জে জ্ঞেয়াঃ স্বরা বুধৈঃ।

মর্মার্থ ঃ আমার ষড়জগ্রামের (শুদ্ধস্বর-সপ্তকের) স্বরে ষড়জ-পঞ্চম-ভাব যথাযথ রাখতে হবে—এটাই হল যাবতীয় স্বর-রচনার মূল তত্ত্ব।

সপয়ো রিধয়োশ্চৈব তথৈব গনিষাদয়োঃ।
সম্বাদঃ সম্মতো লোকে মসয়োঃ স্বরয়োর্মিথঃ ॥

মর্মার্থ ঃ সা-প, রে-ধ, গ-নি, ম-সা—এই সম্বাদগুলি সকলেরই জানা। (বীণায় উত্তরাঙ্গে বাঁধা স্বর পূর্বাঙ্গের স্বরগুলির ক্রম অনুযায়ী পঞ্চম হয় অথবা বীণার পূর্বাঙ্গের এবং উত্তরাঙ্গের স্বর-পঙক্তিতে ষড়জ-পঞ্চম-ভাব কিংবা সম্বন্ধ থাকে)। অতঃপর শ্রীনিবাস বলছেন :

পর্বান্ত্যয়োশ্চ মের্বোচ্চ মধ্যে তারকসঃ স্থিতঃ।
তদর্ধে ত্বতিতারস্য সস্বরস্য স্থিতির্ভবেত্ ॥
মধ্যস্থানাদিমষড়জমারভ্যাতারষড়জগম্।
সূত্রং কুর্যাত্তদর্ধে তু স্বরং মধ্যমমাচরেত্ ॥
ভাগত্রয়সমাযুক্তং তৎসূত্রং কারিতং ভবেত্।
পূর্বভাগদ্বয়াদগ্রে স্থাপনীয়োঽথ পঞ্চমঃ ॥
ষড়জপঞ্চমমধ্যে তু গান্ধারস্থানমাচরেত্।
ষড়জপঞ্চমঙ্গ সূত্রমংশত্রয়সমন্বিতম্ ॥
তত্রাংশদ্বয়সংত্যাগাত্ পূর্বভাগে তু রির্ভবেত্।
পঞ্চমোত্তরষড়জাখ্যমধ্যে ধৈবতমাচরেত্ ॥
পসয়োর্মধ্যভাগে স্যাত্ মাগত্রয়সমন্বিতে।
পূর্বভাগদ্বয়ং ত্যক্ত্বা নিষাদো রাজতে স্বরঃ ॥

ইতি শুদ্ধস্বরাঃ

এই শ্লোকে বর্ণিত রীতি অনুসারে পণ্ডিতদের শুদ্ধস্বর-স্থান তারের দৈর্ঘ্য অনুযায়ী কীভাবে স্থিরীকৃত হয় দেখা যাক ঃ

ষড়জ	তারের দৈর্ঘ্য		৩৬ ইঞ্চি (ধরে নেওয়া যাক
তারষড়জ	„	„	১৮ „
অতিতারষড়জ	„	„	৯ „
মধ্যম	„	„	২৭ „
পঞ্চম	„	„	২৪ „
গান্ধার	„	„	৩০ „
ঋষভ	„	„	৩২ „
ধৈবত	„	„	২১৩ „
নিষাদ	„	„	২০ „

এই স্বর-স্থানগুলির মধ্যে ধৈবতের স্থান সম্বন্ধে কিছু কিছু মতভেদ আছে। আলোচক বলেছেন, 'পঞ্চমোত্তরষড়্জাখ্যমধ্যে।' অনেক পণ্ডিত এই কথাটিতে সন্দেহ প্রকাশ করে থাকেন। কারণ 'মধ্য' শব্দটির দুটি অর্থ হতে পারে—(১) ক্ষেত্রে, (২) মধ্যভাগে। আর এই দুটি অর্থের কোনটিই সমস্যার সমাধান করে না—এমনটাও বলে থাকেন তাঁরা। কিন্তু এইসব সমালোচকদের প্রশ্নের উত্তরে 'স্বরসম্বাদিতাজ্ঞানং স্বরস্থাপনকারণম্' কথাটি আগেই বলে রেখেছেন আমাদের আলোচ্য পণ্ডিত। এর অর্থ হল এই যে ঋষভের স্থান সঠিকভাবে নির্ধারণ করা গেলে ষড়্জ-পঞ্চম-ভাব অনুযায়ী ধৈবতের স্থান আপনা থেকেই নির্ধারিত হয়ে যাবে। 'মধ্য' শব্দটির অর্থ 'ক্ষেত্র' বলে ধরে নিয়ে পরে 'ষড়জপঞ্চমভাবেন' বললেই আর কোন গণ্ডগোল থাকে না। পণ্ডিত আরও বলেছেন ঃ

সম্বাদিনৌ ন চেদুস্থানগৌ শুদ্ধকোমলৌ।
তৌ সর্বাধিয়বাভ্যাম্ হি কার্মৌ ন্যূনৌ বিচক্ষণঃ ॥

শ্রীনিবাস পণ্ডিত উল্লিখিত এই শুদ্ধস্বর-স্থানগুলি আধুনিক আন্দোলন পদ্ধতি অনুযায়ী এ-রকম দাঁড়াবে ঃ

ষড়জ		আন্দোলন	...	২৪০ (ধরে নেওয়া যাক)
তারষড়জ	...	,,	...	৪৮০
অতিতারষড়জ	...	,,	...	৯৬০
মধ্যম	...	,,	...	৩২০
পঞ্চম	...	,,	..	৩৬০
গান্ধার	...	,,	...	২৮৮
ঋষভ	...	,,	...	২৭০
ধৈবত	...	,,	...	৪০৫
নিষাদ	...	,,	...	৪৩২

এখানে একটা কথা মনে রাখা দরকার। লোচন, অহোবল, হৃদয় এবং শ্রীনিবাসের শুদ্ধস্বর-মেল আমাদের আজকের দিনের কাফী মেলের সমরূপই ছিল আর এই নিয়মটি আজ সর্বসম্মত নিয়মে পরিণত হয়েছে। পণ্ডিতের বিকৃত স্বর এ-রকম ঃ

অথ বিকৃতস্বরাঃ

ভাগত্রয়োদিতে মধ্যে মেরোঋর্ষভসংজ্ঞিতাত্।
ভাগদ্বয়োত্তরং মেরোঃ কুর্যাত্ কোমলারিস্বরম্ ॥

মেরুধৈবতয়োর্মধ্যে তীব্রগান্ধারমাচরেত্ ।
ভাগত্রয়াবিশিষ্টেঽস্মিন্ তীব্রগান্ধারষড়্জয়োঃ ॥
পূর্বভাগোত্তরং মধ্যে মং তীব্রতরমাচরেত্ ।
ভাগত্রয়ান্বিতে মধ্যে পঞ্চমোত্তরষড়্জয়োঃ ॥
কোমলো ধৈবতঃ স্থাপ্যঃ পূর্বভাগে বিবোকিভিঃ ॥
তথৈব ধসয়োর্মধ্যে ভাগত্রয়সমন্বিতে ।
পূর্বভাগদ্বয়াদূর্ধ্বং নিষাদম্ তীব্রমাচরেত্ ॥

এই শ্লোক অনুযায়ী শ্রীনিবাস বর্ণিত পাঁচ স্বরের স্থান তারের দৈর্ঘ্য ও আন্দোলন অনুসারে এ-রকম হবে ঃ

	বিকৃত স্বর		তারের দৈর্ঘ্য		আন্দোলন
১।	কোমল ঋষভ	...	৩৩$\frac{১}{৩}$	..	২৫৯$\frac{১}{৫}$
২।	তীব্র গান্ধার	.	২৮$\frac{১}{৩}$	...	৩০১$\frac{১৭}{৪৩}$
৩।	তীব্রতর মধ্যম	.	২৫$\frac{১}{৯}$	...	৩৪৪$\frac{৮}{১৩}$
৪।	কোমল ধৈবত	..	২২$\frac{২}{৯}$	...	৩৮৮$\frac{৪}{৫}$
৫।	তীব্র নিষাদ	...	১৯$\frac{১}{৯}$	...	৪৫২$\frac{৮}{৪৩}$

আজকের দিনের সঙ্গীতজ্ঞরা এই পাঁচটি স্থানকে স্বীকৃতি দেন না। এগুলির বদলে তাঁরা পাশ্চাত্য পণ্ডিতদের দ্বারা প্রভাবিত নতুন চিন্তাভাবনা অনুযায়ী স্থিরীকৃত নিম্নলিখিত স্থানগুলি ব্যবহার করে থাকেন ঃ

	শ্রীনিবাসের স্বর		আধুনিক হিন্দুস্থানী স্বর		পাশ্চাত্যের পণ্ডিতদের দ্বারা স্থিরীকৃত কম্পন
১।	কোমল ঋষভ	...	কোমল ঋষভ	...	২৫৬
২।	তীব্র গান্ধার	...	শুদ্ধ গান্ধার	...	৩০০
৩।	তীব্রতর মধ্যম	...	তীব্র মধ্যম	...	৩৩৭$\frac{১}{২}$
৪।	কোমল ধৈবত	...	কোমল ধৈবত	...	৩৮৪
৫।	তীব্র নিষাদ	...	শুদ্ধ নিষাদ	...	৪৫০

[illegible]

শুধু পাশ্চাত্যের পণ্ডিতরা ধৈবতের আন্দেলন ৪০০ বলে মনে করেন আর আমাদের হিন্দুস্থানী পণ্ডিতরা মনে করেন ৪০৫ বলে।

শ্রীনিবাস পণ্ডিতের সমস্ত শুদ্ধস্বর-স্থানগুলি মেনে নিয়ে 'অভিনবরাগ-মঞ্জরী'-র রচয়িতা পাঁচটি স্থানের ব্যাপারে একটা সরল যুক্তি রেখেছেন এইভাবে ঃ

পূর্বান্ত্যয়োশ্চমের্বাশ্চ মধ্যে তারকসঃ স্থিতঃ ।
তদর্ধে ধৃততারস্য সস্বরস্য স্থিতির্ভবেত্ ॥

মধ্যস্থানাদিমষড়জমারভ্যাতারষড়জগম্ ।
সূত্রং কুর্যাত্তদর্ধে তু স্বরং মধ্যমমাচরেত্ ॥
ভাগত্রয়সমাযুক্তং তৎসূত্রং কারিতং ভবেত ।
পূর্বভাগদ্বয়াদগ্রে স্থাপনীয়োঽথ পঞ্চমঃ ॥
ষড়জপঞ্চমঙ্গ সূত্রমংশত্রয়সমন্বিতম্ ।
তত্রাংশদ্বয়সংত্যাগাত্ পূর্বভাগে তু রির্ভবেত্ ॥
পঞ্চমোত্তরষড়জাখ্যমধ্যে ধৈবতমাচরেত্ ।
যথা শুদ্ধর্ষভস্যাসৌ প্রস্ফুটঃ পঞ্চমো ভবেত্ ॥
মেরুধৈবতয়োর্মধ্যে তীব্রগান্ধারমাচরেত্ ।
তৎসম্বাদিনিষাদাখ্যং ষড়জধৈবতয়োঃ ন্বিপেত্ ॥
মধ্যে ষড়জর্ষভকয়োঃ সংস্থিতঃ কোমলর্ষভঃ ।
ষড়জপঞ্চমভাবেন তৎসম্বাদী ধকোমলঃ ॥
ষড়জপঞ্চময়োর্মধ্যে গান্ধারঃ কোমলো ভবেত্ ।
মধ্যপঞ্চময়োর্মধ্যে তীব্রমধ্যমমাচরেত্ ॥
সপয়োর্মধ্যভাগে স্যাদ্রাগত্রয়সমন্বিতে ।
পূর্বভাগদ্বয়াদগ্রে নিষাদঃ কোমলো ভবেত্ ॥

এই গ্রন্থটি আমাদের হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতির ভিত্তিতেই রচিত হওয়ার ফলে এর শুদ্ধস্বর-মেল হচ্ছে বিলাবল। অভিনবরাগমঞ্জরীর রচয়িতার কোমল গ এবং কোমল নি যে শ্রীনিবাসের শুদ্ধ গ এবং শুদ্ধ নি তা বুঝতে কোন অসুবিধে হয় না। অভিনবরাগমঞ্জরীর শুদ্ধস্বর-স্থানগুলি আন্দোলন-পদ্ধতি অনুযায়ী এ-রকম দাঁড়ায় ঃ

অভিনবরাগমঞ্জরীর শ্রুতি-স্বর	আন্দোলন	পাশ্চাত্য পণ্ডিতদের দ্বারা স্থিরীকৃত কম্পন
১—সা	... ২৪০ (ধরে নেওয়া যাক)	... ২৪০ (ধরে নেওয়া যাক)
২—কোমল রে	.. ২৫৪$\frac{২}{১৭}$	.. ২৫৬
৫—তীব্র রে	... ২৭০	... ২৭০
৭—কোমল গ	... ২৮৮	... ২৮৮
৮—তীব্র গ	... ৩০১$\frac{১}{৪৩}$	... ৩০০
১০—শুদ্ধ ম	... ৩২০	... ৩২০
১২—তীব্র ম	... ৩৩৮$\frac{১}{১৭}$	... ৩৩৭$\frac{১}{২}$
১৪—প	... ৩৬০	... ৩৬০
১৬—কোমল ধ	... ৩৮১$\frac{৩}{১৭}$	... ৩৮৪

১৮—তীব্র ধ	... ৪০৫	... ৪০০
২০—কোমল নি	... ৪৭২	... ৪৭২
২১—তীব্র নি	... ৪৫২ ৪/৪ত	.. ৪৫০
২৩—তার সা	... ৪৮০	... ৪৮০

এখানে একটা কথা বলে রাখা দরকার। কথাটা হল এই যে অভিনবরাগ-মঞ্জরীর কোমল রে, কোমল ধ এবং তীব্র ম—এই স্বরগুলি প্রাচীন কোন গ্রন্থে পাওয়া যায় না। আবার পাশ্চাত্যের কোমল রে, তীব্র গ, তীব্র ম, কোমল ধ এবং তীব্র নি—এই পাঁচটি স্বরের জন্যও আমাদের শাস্ত্রগ্রন্থসমূহে কোন আধার নেই। অর্থাৎ এই দুটিই নতুন সংযোজন। যেখানে প্রাচীন কোন আধার নেই, সেখানে বৃহত্তর লক্ষ্যটিকে উপেক্ষা না করে দেশের প্রসিদ্ধ গুণীজনদের মতামত অনুসারেই সিদ্ধান্ত নেওয়া উচিত। এসব প্রশ্নে গুণীজনদের কাছে নিজের মতামত রাখার অধিকার সকলেরই আছে।

সংস্কৃত গ্রন্থকাররা তাঁদের সঙ্গীত পদ্ধতি বারোটি স্বরের ভিত্তিতে গড়ে তোলার দরুন বাইশটি শ্রুতির বাইরেকার অবশিষ্ট দশটি শ্রুতি নিয়ে তেমন কোন চিন্তাভাবনা করতেন না। কিন্তু এই দশটি শ্রুতির সন্ধান করতে ইচ্ছুক ব্যক্তিরা কীভাবে এগুলির সন্ধান পাবেন, তার উল্লেখ পাওয়া যায় কয়েকটি গ্রন্থে :

মেরুপকণ্ঠগং শুদ্ধর্ষভক্ষেত্রান্তর ত্রিধা।
বিভজ্যর্ষভপর্বে দৃদৃশ্যমানং বিনান্তরে ॥
পর্বদ্বয়নিবেশে স্যাস্তিস্রোঽপিশ্রুতয়ঃ স্ফুটাঃ।
শুদ্ধর্ষভে তথা শুদ্ধগান্ধারক্ষেত্রকং দ্বিধা ॥
বিভজ্যাথ যথাবস্থং পর্ব গান্ধারভাসকম্।
ব্যপেক্ষ্য মধ্যে পর্বৈকং যদা পরিনিবিশ্যতে ॥
গান্ধারস্য তদানীং স্যাত্ শ্রুতিদ্বয়মতিস্ফুটম্ ॥

—চতুর্দণ্ডিপ্রকাশিকায়াম্

বক্ষ্যতে স্বরবীণাঽত্র তস্যামপি বিচক্ষণাঃ।
অঙ্কিত্বা স্বরদেশানাং ভাগানুদ্দিশ্যতে শ্রুতি ঃ ॥

—রত্নাকরে

অর্থাৎ তাঁদের মতে প্রতিটি স্বরান্তরকে শাস্ত্রোক্ত শ্রুতি-সংখ্যার ভিত্তিতে সমান ভাগ করেই শ্রুতিগুলি স্থির করা দরকার। তাঁদের পরিস্থিতির কথা ভেবে দেখলে এই চিন্তা বিবেচনাযোগ্য বলেই মনে হয়। মনে রাখা দরকার, কোমল রে নিয়ে বলতে গিয়ে অহোবল এবং শ্রীনিবাস ঋষভের ক্ষেত্রটিকে তিনটি সমান ভাগে ভাগ করতেন। তাঁরা জানতেন পূর্বাঙ্গের স্বরগুলি ষড়জ-পঞ্চম-ভাব থেকে সহজেই উদ্ভূত হয়ে থাকে।

মধ্যে পূর্বোক্তরাবদ্ধবীণায়াং গাত্র এব বা।
ষড়জপঞ্চমভাবেন শ্রুতির্দ্বাবিংশতিং জগুঃ॥

এর অর্থ বুঝতে অসুবিধে হয় না। এইসব প্রাচীন গ্রন্থকারের শ্রুতি স্থির করার পদ্ধতি আজকের দিনের পণ্ডিতরা পছন্দ করেন না। তাঁরা পাশ্চাত্যের আধুনিক চিন্তা অনুযায়ী প্রধান বারোটি স্বরকে সর্বক্ষেত্রে প্রযোজ্য বলে ধরে নিয়ে সেগুলির সাহায্যে হিন্দুস্থানী সঙ্গীতের মধ্যবর্তী দশটি শ্রুতির স্থান নির্ধারণের প্রচেষ্টা করে থাকেন। এখানে তাঁদের একটা ত্রুটি থেকে যায়। ত্রুটিটা হল এই যে তাঁরা আমাদের প্রাচীন গ্রন্থকারদের চতুঃশ্রুতিক, ত্রিশ্রুতিক ও দ্বিশ্রুতিক স্বরান্তরগুলিকে পাশ্চাত্যের মেজর টোন, মাইনর টোন ও সেমি টোন স্বরান্তরগুলির সমরূপ বলে ধরে নিয়ে এগোতে চান। কিন্তু এরকম ধরে নেওয়ার কোন ভিত্তি আমাদের প্রাচীন গ্রন্থগুলিতে আদৌ নেই। তাঁদের এই ভ্রান্তমূলক শ্রুতি-স্বর-পঙক্তিগুলির সাহায্যে প্রাচীন গ্রন্থকারদের রাগ-গুলিকে স্পষ্ট করে তোলার কাজটা আরও কঠিন হয়ে পড়ে। এখন কেউ যদি বলেন যে এরকম নতুন শ্রুতিগুলি আসলে প্রাচীন গ্রন্থসমূহেরই অন্তর্ভুক্ত, তাহলে অনর্থক কিছু তর্কাতর্কি'র সম্ভাবনা দেখা দেয়। প্রাচীন গ্রন্থের যথাযথ মর্যাদা রাখার জন্য কেউ কেউ এমনও বলতে পারেন যে লোচন পণ্ডিত থেকে শুরু করে শ্রীনিবাস পণ্ডিত পর্যন্ত প্রচলিত তারের দৈর্ঘ্য অনুযায়ী প্রকৃষ্ট রীতিতে স্থিরীকৃত শ্রুতি-স্বরের পরম্পরাগত স্থানগুলিকেই তো মেনে নিলে হয়। নতুন নতুন অনুসন্ধানের দ্বারা স্থিরীকৃত শ্রুতিগুলি এখন আমাদের আধুনিক হিন্দুস্থানী সঙ্গীতের পক্ষে যোগ্য এবং উপকারী বলে প্রমাণিত হচ্ছে, কিন্তু তবুও সেগুলিকে স্বীকার করা উচিত নয়—এমন কথা নিশ্চয়ই কেউ বলবেন না। বরং এটিকে একটি নতুন দৃষ্টিভঙ্গী বলে মেনে নিয়ে 'অখিল-ভারতীয় সঙ্গীত-পরিষদ'-এর মতো সর্বসম্মত বিদ্বৎসভার সামনে উপস্থিত করে সেটির যোগ্যতা-অযোগ্যতা যাচাই করিয়ে নিলে আমাদের কিছু লাভেরই সম্ভাবনা থাকে।

এই পুস্তকমালিকায় যেহেতু আমরা প্রাচীন শাস্ত্রকারদের অনুসরণ করে এবং স্বীকৃত মত অনুযায়ী বারোটি প্রধান স্বরের ওপরেই আমাদের পদ্ধতি স্থাপন করার চেষ্টা করছি, তাই ঐ মধ্যবর্তী দশটি শ্রুতির ঝামেলায় পড়ার কোন প্রয়োজন আমাদের নেই। শ্রীনিবাস পণ্ডিতের গ্রন্থের ভূমিকা থেকে স্পষ্টই বোঝা যায় যে সঙ্গীতপদ্ধতির ক্ষেত্রে বারোটি স্বরকে প্রধান স্বর বলে মেনে নিতে আমাদের পণ্ডিতরা যথেষ্টই আগ্রহী ছিলেন।

শ্রুতয়ো দ্বাদশৈবাত্র স্বরস্থানতয়োদিতাঃ।
তথোক্তবারিতাঃ সর্বাহিস্বরস্থানতয়াদিশেত্॥

ন শ্রুতিস্থস্বরোৎপন্নপ্রস্তারপ্রাপ্তমেলজ্ঞান্ ।
যুক্তোদ্গ্রাহযুজো রাগান্ কল্পয়ন্তু মনস্বিনঃ ॥

সঙ্গীতের বর্তমান অবস্থার কথা বিচার করে এই পুস্তকের সম্পাদকেরও এই কথাটিই ন্যায্য বলে মনে হয়। মেল এবং তা থেকে উদ্ভূত রাগগুলির সহজ-সরল পদ্ধতি অনুযায়ী হিন্দুস্থানী সঙ্গীতকে সুব্যবস্থিত করার জন্য প্রাচীন পণ্ডিতদের মতানুযায়ী প্রধান বারোটি স্বরকে মেনে নিয়ে এগনোটাই কাম্য এবং সুবিধাজনক হবে।

রঞ্জকঃ স্বরসন্দর্ভো গীতমিত্যভিধীয়তে।
গান্ধর্বং গানমিত্যস্য ভেদদ্বয়মুদীরিতম্ ॥

—রত্নাকরে

গান্ধর্ব

অনাদিসম্প্রদায়ং যদ্গন্ধর্বৈঃ সম্প্রযুজ্যতে।
নিয়তং শ্রেয়সো হেতুস্তদ্গান্ধর্বং জগুর্বুধাঃ ॥

—রত্নাকরে

গান

সত্ত্ব বাগ্গেয়কারেণ রচিতং লক্ষণান্বিতম্ ।
দেশীরাগাদিষু প্রোক্তং তদ্গানং জনরঞ্জনম্ ।

—রত্নাকরে

মর্মার্থঃ মনকে আনন্দদানকারী স্বরসমুদয় হচ্ছে গীত আর তার দুটি ভাগ হচ্ছে গান্ধর্ব ও গান। যে সঙ্গীত অনাদি অর্থাৎ বেদের মতন অপৌরুষেয় এবং শব্দপ্রধান, যার প্রয়োগ করতেন গান্ধর্বরা এবং যার উদ্দেশ্য হল মোক্ষপ্রাপ্তি, তাকে বলা হয় গান্ধর্ব। আর যে সঙ্গীত বাগ্গেয়কাররা (পণ্ডিতরা) নিজেদের জ্ঞানবুদ্ধি অনুযায়ী রচনার পর লক্ষণবদ্ধ করে দেশী রাগগুলির সাহায্যে প্রত্যক্ষ প্রয়োগে নিয়ে এসেছিলেন এবং যার প্রধান উদ্দেশ্য ছিল মানুষের মনোরঞ্জন করা—তাকে বলা হয় গান। 'রত্নাকর'-এর টীকাকার কল্লিনাথ বলেছেন যে গান্ধর্ব এবং গানকে মার্গী ও দেশী সঙ্গীত বলেও ধরে নেওয়া যেতে পারে। মার্গী সঙ্গীতের চর্চা এখন প্রায় দেখা যায় না বলে ঐ বিষয়ে এখানে আমরা আলোচনা করছি না। শার্ঙ্গদেবের আমলেও সর্বত্র দেশী

সঙ্গীতের চর্চা ছিল। আজকের দিনে আমাদের দেশে যে হিন্দুস্থানী সঙ্গীতের প্রচলন দেখা যায়, তা শার্ঙ্গদেবের আমলের দেশী সঙ্গীতের থেকে একেবারেই আলাদা। দেশী সঙ্গীত নিয়তই পরিবর্তনশীল। এই সঙ্গীতের উদ্দেশ্য যেহেতু মানুষের মনোরঞ্জন করা, তাই মানুষের রুচিই এই সঙ্গীতের ভিত্তি হিসেবে কাজ করে থাকে।

দেশী সঙ্গীত

দেশেদেশে জনানাং যদ্রুচ্যা হৃদয়রঞ্জকম্।
গানং চ বাদনং নৃত্যং তদ্দেশীত্যভিধীয়তে॥

—রত্নাকরে

নিবদ্ধ ও অনিবদ্ধ গান

নিবদ্ধমনিবদ্ধম্ তদ্দ্বেধা নিগদিতং বুধৈঃ।
বদ্ধং ধাতুভিরংগৈশ্চ নিবদ্ধমভিধীয়তে॥
আলপ্তির্বদ্ধহীনত্বাদনিবদ্ধমিতীরিতম্।
সংজ্ঞাত্রয়ং নিবদ্ধস্য প্রবন্ধো বস্তু রূপকম্॥

—রত্নাকরে

শার্ঙ্গদেবের আমলে খেয়াল-ধ্রুপদের চর্চা ছিল না। সে-সময় প্রবন্ধ, বস্তু, রূপক ইত্যাদি গাওয়ারই চল ছিল। প্রবন্ধের বিভিন্ন ভাগ বা অবয়ব থাকত। সেগুলিকে বলা হত ধাতু। 'রত্নাকর'-এ এই ধাতুগুলির কথা বলা হয়েছে: উদগ্রাহ মেলাপক, ধ্রুব, অন্তরা এবং আভোগ। আজকাল আর প্রবন্ধ খুব একটা গাইতে শোনা যায় না, কাজেই ঐ-সব প্রাচীন ধাতুগুলি নিয়ে এখানে আলোচনা করার কোন প্রয়োজন দেখছি না। আজকের দিনের গানে যেমন স্থায়ী, অন্তরা, সঞ্চারী এবং আভোগ এই ধাতুগুলি থাকে, তেমনি প্রবন্ধেও ঐ প্রাচীন ধাতুগুলি থাকত। 'রত্নাকর'-এ একশো রকম প্রবন্ধের কথা বলা হয়েছে। প্রবন্ধ গাওয়াটা নিবন্ধ গীতের অন্তর্ভুক্ত। শার্ঙ্গদেব অনিবন্ধ গানের শ্রেণীতে আলপ্তি-গানকে রেখেছেন। এই আলপ্তি-গানকেই আমরা আলাপ নামে চিহ্নিত করব। আলাপ এবং আলপ্তি এই দুয়ের মধ্যেও কিছুটা প্রভেদ আছে বলে আগে মনে করা হত, কিন্তু এই দুটি যে অনিবন্ধ গানেরই দৃষ্টান্ত তাতে কোন সন্দেহ নেই।

রাগালাপ

গ্রহাংশমন্দ্রতারাণাং ন্যাসাপন্যাসযোস্তথা।
অল্পত্বস্য বহুত্বস্য ষাড়বৌড়ুবয়োরপি ॥
অভিব্যক্তির্যত্র দৃষ্টা স রাগালাপ উচ্যতে ॥
—রত্নাকরে

মর্মার্থ ঃ যে গানে রাগের গ্রহ, অংশ, মন্দ্র, তার, ন্যাস, অপন্যাস, অল্পত্ব, বহুত্ব, ষাড়বত্ব এবং ঔড়ুবত্ব—এই দশটি বিষয় প্রদর্শন করা হয়, তাকেই বলা হয় রাগালাপ।

রাগলক্ষণ

রঞ্জয়ন্তি মনাংসীতি রাগাস্তে দশলক্ষণাঃ।
লক্ষণানি দশোক্তানি লক্ষ্যন্তে তাবদাদিতঃ ॥
গ্রহাংশৌ মন্দ্রতারৌ চ ন্যাসাপন্যাসকৌ তথা।
অথ সংন্যাসবিন্যাসৌ বহুত্বং চাল্পতা তথা।
লক্ষণানি দশৈতানি রাগাণাং সূনয়োঽব্রুবন্ ॥
—চতুর্দণ্ডিপ্রকাশিকায়াম্

উপরিউক্ত লক্ষণগুলির ব্যাখ্যা এ-রকম ঃ

যেনাদৌ গীয়তে গীতং স্বরেণ স ভবেদ্গ্রহঃ।
বহুশো গীয়তে যেন স্বরেণাংশঃ স কথ্যতে ॥
অংশস্বরস্ত্বসাবেব জীবস্বর ইতি স্মৃতঃ।
নীচৈঃ স্বরেণ যদ্গাণং স মন্দ্রস্বর উচ্যতে ॥
উচ্চৈঃ স্বরেণ যদ্গানং স তারস্বর উচ্যতে।
ন্যাসস্বরঃ স কথিতো যেন গীতং সমাপ্যতে ॥
অবান্তরসমাপ্তিং যো রাগস্যাপি তনোতি সঃ।
অপন্যাসঃ স স্মৃতোঽন্যস্ত্বাত্যান্তিকসমাপ্তিকৃত্ ॥
ইতি ভেদো ভবেন্ন্যাসাপন্যাসস্বরয়োর্দ্বয়োঃ।
সংন্যাসো নাম গীতাদ্যখণ্ডভাগসমাপ্তিকৃত্ ॥
গীতখণ্ডাদ্যবয়বস্যান্তে তিষ্ঠতি স স্বরঃ।
বিন্যাস এতৌ সংন্যাসবিন্যাসৌ ভরতাদিভিঃ ॥
অন্তর্ভূতাবপন্যাসস্বর এবেতি কীর্তিতৌ ॥
অলঙ্ঘনং তথাভ্যাসো বহুত্বং দ্বিবিধং মতম্।
স্বরস্যাস্পর্শনং যত্র লঙ্ঘনং তত্র কীর্তিতম্ ॥

সাকল্যেন স্বরস্পর্শস্তল্লংঘনমিতি স্মৃতম্ ।
যদেকস্য স্বরস্যৈব তৈরস্তর্মেণ বাথবা ॥
ব্যবধানেন ভূয়োঽপি ভূয়োপ্যুচ্চারণং হি তত্ ।
অভ্যাস ইতি শংসন্তি বহুত্বং দ্বিবিধং ততঃ ॥
অল্পত্বং চ দ্বিধা প্রোক্তমনভ্যাসাচ্চলংঘনাত্ ।
পূর্বোক্তাভ্যাসরাহিত্যমনভ্যাসঃ প্রকীর্তিতঃ ॥
পূর্বোক্তালংঘনাভাবো লংঘনং পরিকীর্তিতম্ ।
লক্ষণানি দশাপ্যেবং লক্ষিতানি ময়া স্ফুটম্ ॥
—চতুর্দণ্ডিপ্রকাশিকায়াম্

এ থেকে বোঝা যাচ্ছে যে রাগালাপের মধ্যে রাগকে স্পষ্টভাবে চিনে নেওয়ার জন্য যে প্রয়োজনীয় কথাগুলি প্রাচীন রাগ-লক্ষণে বলে দেওয়া থাকত, সেগুলিকেই শ্রোতাদের সামনে উপস্থাপিত করতে হত গায়কদের। এই দশটি বিষয়ের মধ্যে গ্রহ, অংশ, ন্যাস, ষাড়বত্ব এবং ঔড়ুবত্বের যথাযথ ব্যাখ্যা এই পুস্তকমালিকার পূর্ববর্তী খণ্ডগুলিতে করে এসেছি আমরা। মন্দ্র এবং তার—এ দুটি ছিল প্রত্যেক রাগের বিস্তার বা মর্যাদার প্রতীক। অমুক রাগ মন্দ্র এবং তার-সপ্তকে এতদূর পর্যন্ত যেতে পারে—প্রাচীনকালে এরকম বিধিনিষেধ থাকত। অপন্যাস, সন্যাস, বিন্যাস—এগুলি ছিল গীতের বিভিন্ন ভাগের অন্তিম স্বর। গীতের এই ভাগগুলিকে 'বিদারী' বলা হত। গীতের যে ধাতুগুলির কথা বলা হয়েছে, সেগুলি সবই 'বিদারী'-র অন্তর্ভুক্ত। এরপর সংন্যাস ও বিন্যাস, এগুলির অন্তর্ভাব অপন্যাসে থাকার দরুন রাগলক্ষণে অপন্যাসের নিয়ম রক্ষা করতে হত। অল্পত্ব ও বহুত্বকে রাগের ষাড়বত্ব, ঔড়ুবত্বের সঙ্গে সম্পর্কযুক্ত করা উচিত নয়। ষাড়বত্ব এবং ঔড়ুবত্ব রাগ-মেলের সঙ্গে সম্পর্কযুক্ত বলে এগুলি রাগের বর্জ্য-অবর্জ্য স্বরগুলির সঙ্গে সম্পর্কযুক্ত হয়ে থাকে। এই জন্য অল্পত্ব, বহুত্ব, ষাড়বত্ব এবং ঔড়ুবত্ব—এই চারটি লক্ষণকেই আলাদা আলাদাভাবে বলা হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে দেখলে সহজেই বোঝা যায় যে রাগ অনুযায়ী গায়করা বুঝেশুনে স্বরের ওপর যে বিভিন্ন কারুকার্য করতেন, তাকেই অল্পত্ব বলা হত।

বহুত্ব

অলংঘনাত্তথাঽভ্যাসাদ্বহুত্বং দ্বিবিধং মতম্ ।
পর্যায়াংশে স্থিতং তচ্চ বাদিসম্বাদিনোরপি ॥
—রত্নাকরে

কল্লিনাথের টীকা ঃ

লঙ্ঘনমীষত্‌স্পর্শস্বরস্য স্থানপ্রযত্নকৃতস্বরূপন্যূনতা। তদভাবোঽলঙ্ঘনম্‌। সাকল্যেন স্পর্শ ইতি যাবত্‌। ইদমেকং বহুত্বং অভ্যাসাদাবৃত্তেনৈরন্তর্যেণ বা সান্তারত্বেন বা স্বরস্য পুনঃ পুনরুচ্চারণমাবৃত্তিঃ। তচ্চ দ্বিবিধং বহুত্বং পর্যায়াংশে বাদিভূতাংশদ্ব্যতিরিক্তাংশে, বাদিসম্বাদিনোরপি। প্রযোক্তব্যমিতি শেষঃ॥

মর্মার্থ ঃ স্বরগুলিকে 'বহুত্ব' দু'ভাবে দেওয়া হয়ে থাকে—(১) অলঙ্ঘনের দ্বারা, (২) অভ্যাসের দ্বারা। অলঙ্ঘনের অর্থ হল লঙ্ঘনের অভাব। যে স্বরের লঙ্ঘন বলা আছে, সেখানে ঐ স্বরটিকে খুব অল্প স্পর্শ করে অন্য স্বরগুলির সাহায্যে তার গৌণতা বা ন্যূনতা দেখাতে হত। এই গৌণতা নিয়ে আসতে হত ঐ স্বরটি গৌণ স্থানে স্থাপনা করে অথবা অন্য কোন বিশেষ নিয়মের সাহায্যে। অভ্যাসের অর্থ হল ঐ স্বরটিকে আবৃত্তি করা। এই আবৃত্তি দু'ভাবে করা হত—(১) ঐ স্বরটিকে ঐ স্থানেই বারবার উচ্চারণ করা, (২) অন্য স্বরগুলির দূরত্বের সাহায্যে (অর্থাৎ ঐ স্বরগুলির মধ্যে নিয়ে এসে আবার মূল স্বরে প্রত্যাবর্তন করা)। এই বহুত্ব রাগের নিশ্চিত বাদী-সম্বাদী স্বরগুলির ক্ষেত্রে তো হতই, এমনকি নিশ্চিত বাদী-সম্বাদীর অতিরিক্ত অন্য কোন স্বরকে বাদিত্ব দেওয়া হয়ে থাকলে সেই পর্যায় অংশ স্বরকেও বহুত্ব দেওয়া হত। এরকম পর্যায় অংশ কতগুলি ছিল এবং কোথায় কোথায় সেগুলি প্রযুক্ত হত, সেটা ভিন্ন প্রশ্ন। বহুত্ব কাকে বলা হত, শুধু সেই প্রশ্নটিই এখানে আমাদের আলোচ্য ছিল।

অল্পত্ব

অল্পত্ব চ দ্বিধা প্রোক্তমনভ্যাসাচ্চ লঙ্ঘনাত্‌।
অনভ্যাসস্তনংশেষু প্রায়োলোপ্যেধপীষ্যতে॥

অল্পত্ব দেখানো হত দু'ভাবে—(১) লঙ্ঘনের সাহায্যে, (২) অনভ্যাসের সাহায্যে। লঙ্ঘন এবং অভ্যাস বলতে কী বোঝায়, তা নিয়ে একটু আগেই আমরা আলোচনা করে এসেছি, তাই অল্পত্ব প্রসঙ্গে আর বেশি আলোচনা করার প্রয়োজন আছে বলে মনে হয় না।

শ্লোকে বলা হয়েছে—'লোপ্যেত্বপীষ্যতে।' কথাটা গুরুত্বপূর্ণ। এখানে গ্রন্থকার বলতে চাইছেন যে গানের মধ্যে যখন বিবাদী স্বরগুলিকে অল্পমাত্রায় প্রয়োগ করা হয়, তখন সেগুলি অল্পত্ব প্রাপ্ত হয়ে থাকে। যে কোন গানে বিবাদী স্বরকে অল্পমাত্রায় এবং উপযুক্ত স্থানে প্রয়োগ করার স্পষ্ট অনুমতি দেওয়াই আছে।

বিবাদী বিপরীতত্বাদ্ধীরৈ রুক্তো রিপূপমঃ।
স্বরূপমর্দনং তেন প্রয়োগে স্যাদ্বিবাদিনা ॥
স্বরূপমর্দনাভাবে গীতে রক্তির্ণ লভ্যতে।
শত্রূপমর্দনে হি স্যাদ্রাজ্ঞাং লোকে প্রকাশনম্।
নৃপামাত্যানুসারিত্বাদনুবাদী তু ভৃত্যবত্ ॥

—চতুর্দণ্ডিপ্রকাশিকায়াম্

সুপ্রমাণযুতো রাগে বিবাদী রক্তিবর্ধকঃ।
যথেষত্ কৃষ্ণবর্ণেন শুভ্রস্যাতিবিচিত্রতা ॥

—অভিনবরাগমঞ্জরীয়াম্

বিবাদী তু সদা ত্যাজ্যঃ ক্বচিত্তানক্রিয়াত্মকঃ ॥

—রাগমঞ্জরীয়াম্

প্রচ্ছাদনীয়ো লোপ্যো বা মনাক্ স্পর্শঃ স্বরস্য সঃ।
প্রচ্ছাদনং তদেবাহুর্লোপঃ স্বরস্য নিকৃতিঃ ॥

—সময়সারে

বিবাদী স্বরের প্রয়োগ রাগের তিরোভাব অর্থাৎ তার স্বরূপ উদ্ঘাটন করার সময়েই করা হত। আর ঐ অবস্থায় তার অল্পত্ব হওয়াটাই পুরোপুরি সঙ্গত ছিল। যাই হোক, প্রাচীনকালে রাগালাপ বলতে কী বোঝাত, সে সম্বন্ধে পাঠকদের একটা যথাযথ ধারণা দেওয়ার জন্য প্রাচীন গ্রন্থকারদের উক্তিগুলি নিয়ে এতক্ষণ আমরা আলোচনা করলাম। পাঠকগণ নিশ্চয়ই বুঝতে পেরেছেন যে আলাপ-লক্ষণের প্রসঙ্গে কথিত যাবতীয় বিষয়ই নেওয়া হয়েছে রাগসমূহের প্রাচীন লক্ষণগুলি থেকে। কোন কোন পণ্ডিত এ-ও মনে করেন যে রাগসমূহ গাওয়া আসলে একসময়ের জাতিগানেরই সমরূপ।

জাতির লক্ষণ

গ্রহাংশতারমন্দ্রাশ্চ ন্যাসাপন্যাসকৌ তথা।
অপি সংন্যাসবিন্যাসৌ বহুত্বং চাল্পতা ততঃ ॥
এতান্যন্তরমার্গেণ সহ লক্ষ্মাণি জাতিষু।
ষাড়বৌড়ুবিতে ক্বাপীত্যেবমাহুস্ত্রয়োদশ ॥

—রত্নাকরে

জাতি গানকে পিছনে ফেলে যখন সামনে এল রাগ গাওয়ার রীতি, তখন এই লক্ষণগুলিই প্রযোজ্য হতে শুরু হল রাগের ক্ষেত্রে।

রূপকালাপ

প্রাচীন আলাপের দ্বিতীয় একটি ধরনও দেখা যায়। একে 'রূপকালাপ' বলা হয়ে থাকে। 'রূপকালাপ' আলাপেরই একটি ধরন বলে রাগালাপের ব্যাখ্যায় কথিত যাবতীয় বিষয় এক্ষেত্রেও প্রযোজ্য। এছাড়া রূপকালাপের ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়ও ছিল। বিষয়টি হল :

রূপকং তু তদ্বদেব পৃথগ্‌ভূতবিদারিকম্‌।

রূপকালাপের ক্ষেত্রে আলাপের প্রবন্ধের ধাতুর মতোই বিভিন্ন ভাগ করে করে দেখাতে হত গায়ককে। এই ভাগগুলির অন্তিম স্বরগুলিকে বলা হত 'অপন্যাস স্বর'। রূপক এবং রাগালাপের প্রভেদ এইভাবে দেখিয়েছেন কল্লিনাথ পণ্ডিত :

পৃথগ্‌ভূতবিদারিকম্‌—পৃথগ্‌ভূতা বিচ্ছিদ্য বিচ্ছিদ্য প্রযুক্তবিদার্যো গীত-খণ্ডানি যস্মিন্নিতি। অপন্যাসেষু অবিরম্য একাকারেণ প্রবৃত্ত আলাপঃ। স এব অপন্যাসেষু বিরম্য বিরম্য প্রবৃত্তং রূপকম্‌।

এই বর্ণনা থেকে সহজেই উপলব্ধি করা যায় যে 'রূপক' অর্থাৎ কোন শব্দহীন গানের মতো একটি ধরন শ্রোতারা অনুভব করতেন। রাগালাপের ক্ষেত্রে আলাপের ব্যাখ্যায় বর্ণিত বিষয়গুলি শ্রোতাদের সামনে উপস্থাপিত করে কোন্‌ রাগ তিনি গাইছেন—সেটা গায়ককে স্পষ্ট করে দেখাতে হত। রূপকালাপকে শ্রোতাদের প্রত্যক্ষ প্রবন্ধের মতোই মনে হত, তবে এক্ষেত্রে সর্বদাই শব্দ এবং তালের অভাব লক্ষ্য করা যেত। রাগালাপের থেকে রূপকালাপ বেশি বিস্তৃত হত। আর রূপকালাপকে রাগালাপের পরবর্তী ধাপ বলে চিহ্নিত করলে মোটেই ভুল বলা হবে না।

আলপ্তি

এই দুটি ধাপের পরবর্তী ধাপটিকে বলা হল 'আলপ্তি'। আলপ্তিতে রাগকে সম্পূর্ণভাবে দেখানো হত। আলপ্তিতে দেখানো হত রাগের আবির্ভাব ও তিরোভাব। আবির্ভাব ও তিরোভাব কাকে বলে, তা নিম্নোক্ত ব্যাখ্যা থেকে পাঠকরা ভালভাবেই বুঝে নিতে পারবেন।

আবির্ভাব ও তিরোভাব

একটি মেল থেকে অনেকগুলি রাগ উদ্ভূত হতে পারে। এ প্রসঙ্গে এই 'ক্রমিক পুস্তকমালিকা'-র পূর্ববর্তী একটি খণ্ডে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পাঠকরা সহজেই বুঝতে পারবেন যে কেউ যখন কোন একটি রাগ

গান এবং ভিন্ন ভিন্ন স্বর-সমুদয়ের সাহায্যে সেই রাগটির বিস্তার করতে থাকেন, তখন তার গানের মধ্যে মাঝে-মাঝে সমপ্রকৃতির অন্য কোন রাগের কিছু কিছু অংশ শোনা যেতে পারে, কারণ সমপ্রকৃতির রাগগুলির কিছু কিছু স্বর-সমুদয় এক হবেই আর যেখানে যেখানে সেগুলি শোনা যাবে সেখানেই শ্রোতাদের মনে ছায়াপাত ঘটবে বিভিন্ন রাগের। তবুও গায়ক যদি সুদক্ষ হন, তাহলে মাঝে-মাঝে উপযুক্ত স্থানে নির্দিষ্ট রাগটির বিশেষ অথবা স্বতন্ত্র কোন অংশ উপস্থাপিত করে শ্রোতাদের সংশয় সুনিপুণভাবে দূর করতে পারেন এবং তা করতে গিয়ে কোনরকম অসঙ্গতিও ঘটতে দেন না। এ-রকমভাবে গাওয়ার সময় কখনও-কখনও যখন নির্দিষ্ট রাগটি কিছুটা আড়ালে পড়ে যায়, তখন বলা হয় রাগটির 'তিরোভাব ঘটেছে'। রাগটি যখন আবার স্পষ্ট হয়ে ওঠে, তখন বলা হয় তার 'আবির্ভাব ঘটেছে'। এই ভাবটি সত্যিই অত্যন্ত চমৎকার। এ প্রসঙ্গে শার্ঙ্গদেব পণ্ডিত এবং কল্লিনাথ লিখেছেন :

স্তোকস্তোকৈস্ততঃ স্থায়ৈঃ প্রসন্নৈর্বহুভঙ্গিভিঃ।
জীবস্বর ব্যাপ্তিমুখ্যৈ রাগস্য স্থাপনা ভবেত্॥

—রত্নাকরে

জীবস্বরঃ। অংশস্বরঃ। উক্তস্বস্থানচতুষ্টয়প্রযুক্তায়াম্ আলপ্তৌ উক্তলক্ষণৈঃ স্বরূপ রাগাবয়বৈঃ বিস্তার্যমানায়ামাপাততোঽভিব্যক্তস্য রাগস্য রাগান্তরসাধারণ-স্থায়াদিপ্রয়োগাত্ স্বরূপতিরোভাবে সতি কিঞ্চিত্প্রতীয়মানতা ভবেদিত্য-ভিপ্রায়ঃ। যথা লোকে সভাং প্রত্যাগচ্ছতো দেবদত্তস্য রূপেণাভিব্যক্তস্য ততঃ সভাং প্রবিশ্যোপবিষ্টস্য তস্য স্বসদৃশরূপবেষভাষাদিসাঙ্কর্যাৎস্বরূপতিরোভাবে সতি যথা তস্য কিঞ্চিত্ প্রতীয়মানত্বম্। যথা বা পৃথগানীয় ভিন্নবর্ণেষু মণিষু প্রোতস্য মুক্তামণের্নয়নস্তরচ্ছায়োপরাগাত্ স্বরূপতিরোভাবে সতি যথা তস্য কিঞ্চিত্, প্রতীয়মানত্যং তদ্বদিতি।

স্থায়

ছোট ছোট স্বর-সমুদয়গুলিকে গ্রন্থকাররা 'স্থায় বলে চিহ্নিত করতেন।

স্বস্থান

প্রাচীনকালে আলাপের আর একটি চমৎকার নিয়ম ছিল। নিয়মটি হল স্বস্থান নিয়ম। নিম্নলিখিত শ্লোকটিতে স্বস্থানের বর্ণনা স্পষ্টভাবে ফুটে উঠেছে :

যত্রোপবেশ্যতে রাগঃ স্বরে স্থায়ী স কথ্যতে।
ততশ্চতুর্থো দ্ব্যর্ধঃ স্যাত্ স্বরে তস্মাদধস্তনে॥

চালনং মুখচালঃ স্যাৎ স্বস্থানং প্রথমং চ তত্‌ ।
দ্ব্যর্ধস্বরে চালয়িত্বা ন্যসয়নং তদ্দ্বিতীয়কম্‌ ॥
স্থায়িস্বরাদষ্টমস্তু দ্বিগুণঃ পরিকীর্তিতঃ ।
দ্ব্যর্ধদ্বিগুণয়োর্মধ্যে স্থিতা অর্ধস্থিত স্বরাঃ ॥
অর্ধস্থিতে চালয়িত্বা ন্যসয়নং তু তৃতীয়কম্‌ ।
দ্বিগুণে চালয়িত্বা তু স্থায়িন্যাসাচ্চতুর্থকম্‌ ॥
এভিশ্চতুর্ভি স্বস্থানৈ রাগালপ্তির্মতা সতাম্‌ ।

মর্মার্থ : সমস্ত রাগই অংশ স্বরের ওপর নির্ভরশীল। একে স্থায়ী স্বর বলা হয়। স্থায়ী স্বর থেকে চতুর্থ স্বরকে 'দ্ব্যর্ধ' বলে বুঝতে হবে। স্থায়ী থেকে অষ্টম স্বর 'দ্বিগুণিত' হয়ে থাকে আর দ্ব্যর্ধ ও দ্বিগুণিত এই দুটি স্বরের মধ্যবর্তী যাবতীয় স্বরকে বুঝতে হবে 'অর্ধস্থিত' বলে। উপরের শ্লোকে বর্ণিত স্বস্থান-ক্রম অনুযায়ীই গায়ককে প্রতিটি আলাপ গাইতে হত। ইচ্ছামতো স্থান থেকে শুরু করে যে-কোন ক্রম অনুযায়ী গেয়ে, যেখানে ন্যাস আছে সেখানে তার প্রয়োগ তাঁরা না-ও করতে পারতেন। প্রথম স্বস্থানের ক্ষেত্রে গায়ককে নিজের আলাপ রাখতে হত দ্ব্যর্ধ স্বরের নীচে। মন্দ্র-সপ্তকে নিজেদের ইচ্ছামতো বিস্তার করতে পারতেন তাঁরা।

মুখচালন

রাগোচিত বিভিন্ন গমক ইত্যাদি অলংকারের যথাযথ প্রয়োগ করে গান-বাজনা করাকে মুখচালন বলা হত।

আক্ষিপ্তিকা

তাল, স্বর এবং বোল—এই তিনটির সম্পূর্ণ সহায়তায় যে গান সৃষ্টি হত, তাকেই প্রাচীন পণ্ডিতরা 'আক্ষিপ্তিকা' বলতেন। 'আক্ষিপ্তিকা' যে নিবন্ধ গান, তা বলাই বাহুল্য। এই ক্রমিক পুস্তকমালায় তাল-স্বর দ্বারা লিখিত প্রতিটি চীজই আক্ষিপ্তিকা।

উপরিউক্ত গ্রন্থগুলির বর্ণনা থেকে স্পষ্টই বোঝা যায় যে প্রাচীনকালে আলাপ-গানের মর্যাদা ছিল খুবই উঁচু, তবে এই গান শুধুমাত্র পর্যাপ্ত স্বরজ্ঞান ও রাগজ্ঞানসম্পন্ন গায়কদের পক্ষেই গাওয়া সম্ভবপর ছিল। এই দৃষ্টিকোণ থেকে দেখলে একটা প্রশ্ন এসেই যায় যে আজকাল উত্তর ভারতে উন্নত শ্রেণীর আলাপ-গান আদৌ আছে কিনা। বর্তমানে রামপুর, জয়পুর, উদয়পুর প্রভৃতি প্রসিদ্ধ শহরে আলাপ-গান গাওয়ার গায়করা আছেন ঠিকই, কিন্তু তাঁদের গান যথাযথ, শাস্ত্রসম্মত এবং সুশৃঙ্খল কি না—তা বলা দুরূহ।

এখানে কেউ কেউ বলতে পারেন যে আজকের দিনের পরিবর্তিত সঙ্গীতের ক্ষেত্রে প্রাচীন নিয়মকানুন কীভাবে প্রযোজ্য হতে পারে ? এ প্রশ্ন একান্তই সঙ্গত। তবে ঐ প্রাচীন নিয়মগুলি যে প্রয়োগ করতেই হবে, এমন কথা কেউই বলেন না। আধুনিক সঙ্গীতের জন্য নতুন এবং সহজ-সরল নিয়ম তো একান্তই প্রয়োজনীয়। এই ধরনের নিয়মবিশিষ্ট আলাপ-গান সমাজে অবশ্যই গড়ে উঠবে। আজকের দিনে আমাদের বিশিষ্ট গায়করা কীভাবে আলাপ করে থাকেন, তা নিয়ে এখন আমরা কিছুটা আলোচনা করব।

প্রচলিত আলাপ গান

হিন্দুস্থানী গায়করা আলাপে যে-সব শব্দ ব্যবহার করে থাকেন, সেগুলি হল—তা, না. ন, রে, রেন, তোম্, নোম্, নারে, নেনেরী, তনানা, নেতোম্ ননা ইত্যাদি। শুধুমাত্র আ-কারের সাহায্যে গান করার বদলে এই শব্দগুলি ব্যবহার করার ফলে গান সহজ হয়ে ওঠে এবং তার ফলটাও ভালই হয়ে থাকে। আলাপ, রূপক আলপ্তি, আক্ষিপ্তিকা ইত্যাদির পার্থক্য সম্বন্ধে গায়করা সচেতন থাকেন না। অধিকতর দক্ষ গায়করা রাগের আবির্ভাব ও তিরোভাব ঘটানোর চেষ্টা করে থাকেন, কিন্তু এই প্রচেষ্টা খুব প্রণালীবদ্ধ ও সুব্যবস্থিত হয় না। সাধারণ নিয়ম অনুযায়ী তাঁরা আলাপের স্থায়ী, অন্তরা, সঞ্চারী এবং আভোগ, এই চারটি ভাগ করে থাকেন। স্থায়ী অংশে তাঁরা বেশির ভাগ সময় মন্দ্র ও মধ্য স্থানের স্বরগুলিরই অনেক ছোট-বড় সমষ্টি করে রাগবিস্তার করে থাকেন। তাঁদের এই রাগবিস্তার বড় সুন্দর হয়ে ফুটে ওঠে। স্বস্থান-নিয়ম জানা না থাকলেও পরম্পরাগত সংস্কারের ফল হিসেবেই এই ব্যাপারটা চলতে থাকে। স্থায়ী অংশটি গাওয়ার সময় তাঁরা কখনও কখনও নিজেদের স্বর-সমুদয়ের মধ্যে এক-একটি নতুন স্বর যুক্ত করে মধ্য-স্থানের পঞ্চম, নিষাদ এবং ধৈবত পর্যন্তও গেয়ে থাকেন। ওপরে তার-ষড়জকে অল্প স্পর্শ করে আবার নীচে নেমে স্থায়ী অংশ সমাপ্ত করেন তাঁরা। তারপর মধ্য-স্থানের গান্ধার অথবা পঞ্চম থেকে শুরু করেন অন্তরার অংশটি। এটা করার সময় অনেক তানকে তার-সপ্তকের ষড়জে বিভিন্ন রীতিতে সমাপ্ত করে থাকেন তাঁরা এবং তারপর ধীরে ধীরে নেমে এসে মিলিয়ে দেন মধ্য-ষড়জে। অতঃপর আসে সঞ্চারীর অংশ। সঞ্চারী প্রায়শই সা, ম, প—এই তিনটি স্বরের কোন একটি থেকে শুরু হয়ে থাকে। এই অংশে গমকের প্রয়োগ অনেক বেশি দেখা যায় আর অন্য অংশগুলিতে দেখা যায় মীড়ের (একটি স্বর থেকে অন্তর্বর্তী স্বরগুলিকে স্পর্শ করে নির্দিষ্ট স্বরে যাওয়াকে মীড় বলা হয়) এবং কম্পনের অধিক প্রয়োগ। সঞ্চারী বেশিরভাগ সময়ই তার-স্থানে হয় না। এই

অংশটিকে মধ্য-পঞ্চম কিংবা মধ্য-ষড়জেই সমাপ্ত করা হয়ে থাকে। সঞ্চারীর পর আবার স্থায়ীতে না ফিরে তৎক্ষণাৎই আভোগ শুরু করা হয়। আভোগ অংশে গায়ক তার-স্থানের যতটা উঁচুতে সম্ভব উঠতে পারেন। আভোগের বিস্তার প্রায়শই অন্তরার বিস্তারের সমান হয়ে থাকে। রাগের যাবতীয় অলংকরণ মন্দ্র ও মধ্য—এই দুটি স্থানেই সবথেকে ভাল হয়ে থাকে। অন্তরা প্রায়শই তার-স্থানে হয় বলে এবং এই অংশের স্বর উঁচু ও শ্রমসাধ্য হয় বলে অন্তরার বিস্তার স্থায়ীর সমান হয় না। তার-স্থানের কাজ নীচের স্থানে কৃত কাজের পুনরুক্তিই হয়ে থাকে, তাই প্রয়োজনের অতিরিক্ত অর্থাৎ অধিক বিস্তার এখানে শোভা পায় না। গায়করা কখনও কখনও পূর্বাঙ্গবাদী রাগগুলির আলাপ শুরু করে থাকেন বাদী স্বর থেকে। তবে তা করার আগে সা কিংবা নিসা—এই স্বরগুলিকে সুন্দরভাবে গেয়ে শ্রোতাদের মনোযোগ আকর্ষণ করে থাকেন তাঁরা। আলাপের শুরুতে তাঁরা খুব ছোট ছোট স্বর-সমুদয় অথবা তান ব্যবহার করেন, বারবার এসে মিলিত হন ষড়জে। ষড়জে এসে মিলিত হলে তাঁদের একটি ছোট তান নিশ্চিত হয়ে ওঠে। এই তানটিতে প্রায়শই তানা-তোম্ জাতীয় শব্দ লক্ষ্য করা যায়। এই তানকে আলাপের সম বলা হয়। অধিকতর দক্ষ গায়করা রাগের মর্মস্থানটি আগে থেকেই স্থির করে রাখেন এবং ঐ স্থানের সাহায্যে নিজেদের বিভিন্ন স্বর-সমুদয় সৃষ্টি করে চলেন। যেমন, ইমন রাগ গাইতে হলে তাঁরা গ, প, নি, সা—এই স্বরগুলিতে নিয়ে এসে অনেক স্বর-সমুদয় সমাপ্ত করে থাকেন। প্রয়োগটা বড় সুন্দর হয়ে ফুটে ওঠে। যে-সব গায়কের কণ্ঠস্বর খুব সুন্দর ও মধুর এবং যাঁদের স্বর-জ্ঞান ও রাগজ্ঞান উন্নত ধরনের, তাঁদের আলাপ অত্যন্ত মনোহর হয়ে থাকে। সব রাগই যে আলাপযোগ্য, তা কিন্তু নয়। আলাপ-গান যাঁরা করেন, তাঁরা প্রায়শই ধ্রুপদীয়া (ধ্রুপদগায়ক) হয়ে থাকেন।

এই 'ক্রমিক পুস্তক'-এর প্রথম খণ্ডে পাঠ ৬ থেকে ১০ পর্যন্ত বিকৃত-স্বর প্রসঙ্গে বিভিন্ন স্বরবিস্তার দেওয়া হয়েছে। একদিক থেকে দেখলে এগুলি যে বিভিন্ন রাগের সংক্ষিপ্ত আলাপ, তা নির্দ্বিধায় মেনে নেওয়া যায়। বর্তমান গ্রন্থকারের মতে শিক্ষিত সমাজে আলাপ-গান আবার স্বীকৃত ও জনপ্রিয় হয়ে উঠলে সঙ্গীতের যথেষ্ট উপকার হবে।

তান

তান শব্দটি নিষ্পন্ন হয় তন্ (তাননা) ধাতু থেকে। রাগ গাওয়ার সময় তান নিলে এটি যে বিস্তৃত হয়ে থাকে—সে-কথা সকলেরই জানা। গানের বৈচিত্র্য বেশি বেশি করে বাড়িয়ে তোলাটাই তানের প্রধান প্রয়োজনীয়তা।

সঠিক রীতিতে এবং সঠিক পরিমাণে তান নেওয়া হলে শ্রোতারা সত্যিই খুব আনন্দ পেয়ে থাকেন। কোন সুদক্ষ বক্তা যেমন একই বক্তব্যকে বিভিন্ন শব্দে ও বিভিন্ন ধ্বনি এবং প্রকাশভঙ্গীর সাহায্যে শ্রোতাদের সামনে তুলে ধরে তাদের মনের ওপর প্রভাব বিস্তার করেন ও নিজের অভীষ্ট সিদ্ধি করে নেন, ঠিক তেমনি কুশলী গায়কও বিভিন্ন শৈলী ও বিভিন্ন শব্দ রচনার সাহায্যে নিজের গানের ভাব পৌঁছে দেন শ্রোতাদের মনে। মূল গানের শোভাবর্ধনকারী তান প্রয়োগ করলে শ্রোতারা খুব আনন্দ পেয়ে থাকেন।

